
ওয়ার্ডপ্রেস শিখার জন্য টিউনারপেজ এর পুর্নাঙ্গ ইবুক
ওয়ার্ডপ্রেস টিউনিং
ট্রিপল এস
nucleus
nucleus
nucleus
www.tunerpage.com
টিউনারপেজ

প্রথম প্রকাশঃ ৩০ অক্টোবর

প্রকাশকঃ টিউনারপেজ

লেখকঃ ট্রিপল এস

প্রচ্ছদঃ ষাইফ ঋাষে

***Published by***

**Tunerpage**

***www.tunerpage.com***

***Copyright © 2011 by tunerpage***

টিউনারপেজ

# সম্পাদকীয়

## Wordpress শিখুন ধারাবাহিক টিউটোরিয়াল নিয়ে

তথ্যপ্রযুক্তি এগিয়ে যাচ্ছে। ধরা দিচ্ছে প্রযুক্তির নাগালের অবস্থানরত মানুষের হাতে। প্রযুক্তি নির্ভর মানুষগুলোর কারণেই তথ্যপ্রযুক্তি সামনের দিকে এগিয়ে যাচ্ছে। আমাদের দেশের কিছু প্রযুক্তি পাগল এবং পরিশ্রমি ভাইয়েরা আমাদের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। তাদেরই কয়েকজন আমাদের শিখিয়েছেন- ব্লগ তৈরী, ওয়ার্ডপ্রেস দিয়ে ব্লগ তৈরী, হ্যাকিং, প্রোগ্রামিংসহ প্রযুক্তির অজানা অনেক কিছু। আজ আমাদের এক ভাই ট্রিপল এস শিখাচ্ছেন wordpress.org এর টিউটোরিয়াল।

আমাদের টিজে ট্রিপল এস অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে wordpress.org এর টিউটোরিয়ালটি উপস্থাপন করেছেন অত্যান্ত নিখুঁতভাবে। টিউনারপেজ বাংলা ব্লগ এর সকল সদস্য, ভিসিটর ও টিজে'দের পক্ষ থেকে ট্রিপল এস কে জানাই আন্তরিক শুভেচ্ছা। নিচে তার সবগুলো পোস্ট দেয়া হয়েছে। **শেষ পর্ব না পাওয়া পর্যন্ত আমাদের সাথেই থাকুন। যখনি উনি নতুন পর্ব লিখবেন এখানে সেই পর্বটি আপডেট করে দেয়া হবে।**

---

# কৃতজ্ঞতা স্বীকার

- চিন্তিত পথিক
- ষাইফ ঋাষেল
- ইখিতয়ার হোসেন
- মহা প্লাবন
- নাজিম মাহফুজ প্লাবন
- কাকতাড়ুয়া
- আদি ইসলাম
- ডিজিটাল টিউনার
- সাইফুল্লা
- প্রিয়ন্তি রহমান
- নাজিম
- আশরাফ জনি
- আশরাফ উদ্দিন
- জামিল হোসেন সেজান
- রাশেদ রাকিব
- তাসফিক হোসাইন খান
- মফসিন আরিফা
- রাসেল রনি
- এলিজা আকবর
- টীটূ টীটূল
- পুদিনা পাতা

টিউনারপেজ

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ১) : পরিচিতি

ইন্টারনেটে বিভিন্ন ব্লগ ও সাইট দেখে আমাদের কখনও না কখনও অবশ্যই ইচ্ছা হয়েছে নিজের একটা সাইট বা ব্লগ বানানোর। যেখানে আমি ভিজিটরদের দেখাতে পারতাম আমার প্রতিভা, আমার সৃষ্টি। তবে প্রয়োজনীয় দিকনির্দেশনার অভাবে অনেকেরই সেটা করা হয়ে ওঠে না। কিসের মাধ্যমে ব্লগ বা সাইট বানাবো ? কিভাবে বানাবো ? কিভাবে এই ব্লগ বা সাইট ব্যবহার করবো ? এসব প্রশ্নের জবাব দেয়ার মানুষ না থাকায় ব্লগ বা সাইট বানানোর ইচ্ছা মাঠে মারা যায়। এসব সমস্যায় যাতে পড়তে না হয় সেজন্যেই আমার এ প্রচেষ্টা। আমি আপনাদের ব্লগ বা সাইট বানাতে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেব। শুরু করা যাক…

ব্লগ বা সাইট যেটাই বানান আমি সাজেস্ট করব WordPress-কে। ব্লগিংয়ে জন্য সঠিক ভাবে ব্লগ ডিজাইন, সার্চ ইঞ্জিন অপটিমাইজ সুবিধা ইত্যাদি খুঁটিনাটি বিষয় দরকার হয়। আর WordPress এগুলোর জন্য একদম পারফেক্ট।

## WordPress কি ?

WordPress প্রথম পর্যায়ে একটি ফ্রি ব্লগিং প্লাটফর্ম ছিল যা পরবর্তীতে একটি ইঞ্জিন তৈরি করে এবং বিনামূল্যে তা ডাউনলোড করে যেকোনো ব্লগারকে ব্যবহারের সুবিধা দিতে শুরু করে। WordPress একটি Content Management System (CMS) যা মূলতঃ Blog Publishing Application হিসেবে ব্যবহৃত হয়। এই প্লাটফর্ম প্রথম চালু হয় ২০০৩ সালের মে মাসে। এখন প্রশ্ন আসতে পারে Content Management System (CMS) কী জিনিস? Content Management System (CMS) হল আপনার সাইট/ব্লগ এর বিভিন্ন তথ্য ব্যবস্থাপনার একটি সক্রিয় সিস্টেম, তথ্য হতে পারে কোন Image বা কোন Audio বা কোন Text। Content Management System (CMS)-এর মাধ্যমে সাইট/ব্লগ এর যেকোন পরিবর্তন, সংশোধন, সংযোজন বা অপসারণ খুব সহজেই করা যায়। এবং এই শক্তিশালি Content Management System (CMS), WordPress সম্পুর্ন ফ্রী !!!

## WordPress-এর প্রকারভেদ

WordPress-এর ২ প্রকারের সিস্টেম রয়েছে।

- **WordPress.com**

এটাতে আপনি পাবেন *.wordpress.com এর অধীনে Sub-Domain, ৩ GB হোস্টিং। এটাতে WordPress.com-এর নির্ধারিত ফিচারগুলা শুধু ব্যবহার করা যাবে। Theme ও অন্যান্য কাস্টোমাইজেশন সুবিধা নাই।

- **WordPress.org**

এটা ব্যবহার করতে দরকার হবে নিজের একটা Domain আর Hosting। পাওয়া যাবে ইচ্ছামতো কাস্টোমাইজেশনের সুবিধা। এটাতেই আসল মজা।

টিউনারপেজ-এ WordPress.com নিয়ে বিস্তারিত টিউটোরিয়াল লিখেছেন অনির্বাচিত টিউনার। আমার টিউটোরিয়ালটা হবে WordPress.org নিয়ে।

## কেন WordPress ব্যবহার করবো?

WordPress সম্পূর্ণ Open Source। এটা আমরা ব্যবহার করতে পারছি একদম ফ্রীতে। এরপরও এর সুবিধা হলো:

- নিজের সর্বনিম্ন একটা ফ্রী ডোমেইন আর কোন ফ্রী হোস্টিং থাকলেই  এটা ব্যবহার করা যাবে।
- প্রোগ্রামিং না জানলেও WordPress-এ খুব সহজে একটা সুন্দর ব্লগ বা সাইট বানানো যায়। ডিজাইন করাও অনেক সহজ , কোন কষ্ট ছাড়াই Google-এ সার্চ দিলে পাওয়া যাবে WordPress-এর প্রচুর থীম, পছন্দের একটা বেছে নিলেই হলো। আর যদি HTML, CSS, PHP ভালো করে জানা থাকে তাহলে তো নিজেই Theme ডিজাইন করা যাবে।
- WordPress দিয়ে তৈরি সাইটে বা ব্লগে Catagory, Meta, Tag, Navigation যোগ করা যায়, Ping করা, h1 h2 h3 এর কার্যকর ব্যবহার করা যায়। এ ছাড়া আরও  অনেক সুবিধা থাকার কারণে Search Engine Optimize করার ক্ষেত্রে WordPress সেরা। এবং এসব করা যাবে বিভিন্ন Plugin দিয়ে, কোডিং জানার দরকার নাই। আর WordPress-এর Plugin-এর কোন শেষ নাই, আছে হাজার হাজার Plugin ।

## টিউটোরিয়ালে ব্যবহৃত সার্ভিস প্রোভাইডার

এই টিউটোরিয়ালে

- Hosting Provider হিসেবে এখানে DhMart.info ব্যবহার করা হয়েছে। এটা একটা Free Hosting Provider।
- Domain Provider হিসেবে CO.cc-কে ব্যবহার করা হয়েছে। এটাও Free Domain Provider।

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ২) : ডোমেইন রেজিস্টার

### Domain কি?

Domain হলো আপনার ব্লগ বা সাইটের Web Address। এর মাধ্যমেই ভিজিটররা আপনার ব্লগ বা সাইটকে চিনবে। উদাহরণস্বরূপ – টিউনারপেজ-এর Domain হলো – “tunerpage.com”।

### কোথায় পাব?

বিভিন্ন কোম্পানি Domain বেচা-কেনা করে থাকে। আবার Free Domain-ও পাওয়া যায়। আমরা এখন Free Domain রেজিস্টার করবো, কারণ আমরা এখন শিখছি। বিভিন্ন Free Domain পাওয়া যায়। যেমন – .co.cc , .cu.cc , .cz.cc , .tk ইত্যাদি। এই টিউটোরিয়ালে .co.cc ব্যবহার করা হয়েছে। এখানে .co.cc রেজিস্টার দেখানো হয়েছে।

### রেজিস্ট্রেশন

- CO.cc সাইটে যান।





- কাঙ্খিত Domain-এর নাম লিখে “Check availability”-তে ক্লিক করুন। দেখুন সেটা Available আছে কিনা। এখানে tp-tutorial ব্যবহার করা হয়েছে।




- Available থাকলে “Continue to registration”-এ ক্লিক করুন।
- “Create an account now >>”-এ ক্লিক করুন।





- ফর্ম সঠিকভাবে পূরণ করে “I accept the Terms of Service”-এর পাশের বক্সে টিক দিয়ে “Continue”-এ ক্লিক করুন।





- আবার Password দিয়ে, CAPTCHA পূরণ করে “Continue”-এ ক্লিক করুন।




- Login স্ক্রিনে Email, Password দিয়ে, CAPTCHA পূরণ করে “Sign in”-এ ক্লিক করুন।




- Login হলে “Set up”-এ ক্লিক করুন৷
- “Please domain setup now”-এ ক্লিক করুন৷




- এখানে ৩টা অপশন আছে৷
    - Name Server
    - Zone Records
    - URL Forwarding
- WordPress-এর জন্য সাধারণত Name Server ব্যবহার করা হয়৷
- “Name Server” সিলেক্ট করুন৷

- [+Add More Name Servers]-এ দু'বার ক্লিক করুন।
- পর্ব ১-এ বলা হয়েছে আমরা এই টিউটোরিয়ালে Hosting Provider হিসেবে DhMart.info-কে ব্যবহার করব। তাই DhMart.info-এর Name Server দিয়ে ছক পূরণ করতে হবে। DhMart.info-এর ৪টা Name Server রয়েছে। এগুলো হলো – ns1.dhmart.info , ns2.dhmart.info , ns3.dhmart.info , ns4.dhmart.info । তাই এগুলো দিয়ে ছক পূরণ করতে হবে:

Name Server 1: ns1.dhmart.info

Name Server 2: ns2.dhmart.info

Name Server 3: ns3.dhmart.info

Name Server 4: ns4.dhmart.info

- "Set up"-এ ক্লিক করুন।
- "OK >>"-এ ক্লিক করুন।
- Sign Out করুন।

হয়ে গেল Domain রেজিস্ট্রেশন।

**খেয়াল করুন** : .co.cc -তে একাউন্ট খোলার পর Email Verification-এর প্রয়োজন হতে পারে।

**প্রশ্ন**: Name Server কি জিনিস?

**উত্তর**:Name Server হলো Hosting Site-এর সার্ভারের এড্রেস। এই এড্রেসের মাধ্যমে Domain-এর সাথে Hosting-কে সংযুক্ত করা হয়। Domain সেটাপের সময় এই এড্রেস দেয়া লাগে। বিভিন্ন Hosting Site-এর জন্য Name Server ভিন্ন ভিন্ন।

**প্রশ্ন**: কোথায় পাব Name Server?

**উত্তর**:Hosting রেজিস্টার করার সময় বা Hosting-এ Domain যোগ করার সময় Hosting Provider Site থেকে মেইল করে আপনাকে তারা তাদের Name Server-সহ যাবতীয় তথ্য জানিয়ে দেবে।

**প্রশ্ন**: এখানে Name Server-এ ns1.dhmart.info, ns2.dhmart.info, ns3.dhmart.info ইত্যাদি দিলাম কেন?

**উত্তর**:আমরা এই  টিউটোরিয়ালে হোস্টিং সাইট হিসেবে DhMart.info-কে ব্যবহার করেছি। তাই Name Server এগুলা দেওয়া হয়েছে। পর্ব ৩-এ এ নিয়ে বিস্তারিত রয়েছে।

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ৩) : হোস্টিং রেজিস্টার

## Hosting কি?

সাইট বা ব্লগ বানানোর জন্য শুধু Domain থাকলেই হবে না। এর জন্য প্রয়োজন একটা Hosting একাউন্ট। যেখানে আপনার সাইট বা ব্লগের সকল ফাইলগুলো রাখা হবে। বিভিন্ন কোম্পানির কাছ থেকে Hosting কেনা যায়। Google-এ সার্চ দিলে আমরা অসংখ্য Hosting Provider পাওয়া যাবে। কিন্তু আমরা যেহেতু এখন শিখছি তাই আমরা Free Hosting ব্যবহার করব। আমরা এখন আলোচনা করব Free Hosting রেজিস্ট্রেশন নিয়ে।

## কোথায় পাবো?

নেটে অনেক Free Hosting Provider Site রয়েছে। Google-এ সার্চ করলে এসব পাওয়া যাবে। এই টিউটোরিয়ালে DhMart.info ব্যবহার করা হয়েছে। এটার বিভিন্ন ফিচার হলো:

- Disk Space : 10 GB !
- Bandwidth : 100 GB !
- Addon Domain : 5
- Sub Domain : 5
- MySql Database : 5
- FTP : 5
- Email : 5
- Auto Installer : Yes
- Control Panel : Custom Cpanel
- Free Setup : Yes
- 99% Uptime!
- Absolutely Free!

এবার DhMart.info-এর রেজিস্ট্রেশন প্রক্রিয়া দেখা যাক।


## রেজিস্ট্রেশন

- DhMart.info সাইটে যান।
- "LEARN MORE"-এ ক্লিক করুন।

টিউনারপেজ




- “Order”-এ ক্লিক করুন।
- ফর্ম পূরণ করে “Save”-এ ক্লিক করুন।
- CAPTCHA পূরণ করে “Activate”-এ ক্লিক করুন।
- আপনার মেইলে Confrimation মেইল যাবে। আপনার মেইলে Sign In করুন।
- “Client Sign Up Confirmation” নামে একটা মেইল থাকবে। সেটা খুলুন।



Client Sign Up Confirmation Inbox

DH mart <dhmarts@gmail.com>
To: [redacted] <[redacted]@gmail.com>
Reply | Reply to all | Forward | Print | Delete | Show original

Dear [redacted],

Thank you for signing up with us. To activate your client profile click on the link below:

http://cpanel.dhmart.info/auth/confirm/hash/[redacted]

Thank You

DH mart
dhmart.info

- মেইলে আসা Confrimation লিঙ্কে (উপরে লাল কালি দিয়ে চিহ্নিত) ক্লিক করুন।




- উপরের ছবির মতো একটা উইন্ডো আসবে। “I want to host my own domain” সিলেক্ট করুন।
- নিচের সাহায্য অনুসারে তথ্য দিয়ে ছক পূরণ করুন।

Domain www. : আপনি গত পর্বে যে ডোমেইন রেজিস্টার করেছিলেন।


Hosting plan : Ultimate

Password : পাসওয়ার্ড দিন।

Password again : আবার একই পাসওয়ার্ড দিন।

- “Create”-এ ক্লিক করুন।

*এ ধাপ করার পর আপনাকে একটি মেইল পাঠানো হবে **DhMart.info** থেকে।*



DH mart dhmarts@gmail.com via mainserver.main-hol show details Reply

Dear Zaman Lopa,

Thank you for your order from us! Your hosting account has now been setup and this email contains all the information you will need in order to begin using your account.

If you have requested a domain name during sign up, please keep in mind that your domain name will not be visible on the internet instantly. This process is called propagation and can take up to 48 hours. Until your domain has propagated, your website and email will not function.

**New Account Information**

Hosting Package: Ultimate
Domain: tp-tutorial.co.cc
IP Address: 31.170.162.27

**Control Panel Login Details**

Email Address: zamanlopa@gmail.com
Password: ••••••••••

Control Panel URL: http://cpanel.dhmart.info

**Server Information**

Server Name: server5.dhmart.info
Server IP: 31.170.160.111

If you are using an existing domain with your new hosting account, you will need to update the nameservers to point to the nameservers listed below.

Nameserver 1: ns1.dhmart.info 64.120.228.123
Nameserver 2: ns2.dhmart.info 64.191.115.234
Nameserver 3: ns3.dhmart.info 173.192.183.247
Nameserver 4: ns4.dhmart.info 83.170.93.81

**Uploading Your Website**

You may use one of the addresses given below manage your web site:

Temporary FTP Hostname: 31.170.162.27
Full FTP Hostname: ftp.tp-tutorial.co.cc
FTP Username: u[redacted]
FTP Password: [redacted]

You must upload files to the **public_html** folder!

**Email Settings**

For email accounts that you setup, you should use the following connection details in your email program:

POP3 Host Address: mx1.dhmart.info
SMTP Host Address: mx1.dhmart.info
Username: The email address you are checking email for
Password: As specified when setting up the email account

If you want to register top level domain name we recommend http://www.dotpoint.biz for domain registration.

Thank you for choosing us

DH mart
dhmart.info

*যেখানে আপনার একাউন্টের যাবতীয় তথ্য থাকবে। এখানে **DhMart.info-এর Name Server-ও** জানানো হবে। যেটা **Domain** সেটাপের সময় লাগে।*


- "Account is being created. Due to DNS propagation, it can take up to 12 hours before your new domain/subdomain will start working." এরকম একটা মেসেজ দেখাবে। যতক্ষন না আপনার একাউন্ট প্রস্তুত হয় ততক্ষন অপেক্ষা করুন।
- কিছুক্ষন পরপর "Control Panel"-এ ক্লিক করে দেখুন একাউন্ট প্রস্তুত হয়েছে কিনা। প্রস্তুত হলে নিচের মতো উইন্ডো আসবে।



Active Accounts

| Domain | Status | Notes | Actions |
|---|---|---|---|
| tp-tutorial.co.cc | Active | - | Switch |

- “Switch”-এ ক্লিক করুন।




- এই হলো আপনার Cpanel ।
- হয়ে গেল আপনার হোস্টিং রেজিস্ট্রেশন।
-

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ৪) : ওয়ার্ডপ্রেস ইন্সটলেশন

WordPress কয়েকভাবে ইন্সটল করা যায়। যেমন -

- FTP Client দিয়ে।
- Online FTP Manager, Net2FTP দিয়ে।
- Auto Application Installer দিয়ে।

FTP Client দিয়ে আপলোড করতে গেলে নেট কানেশন বারবার ডিসকানেক্ট হতে পারে। তাছাড়া স্পিডও অনেক কম পাওয়া যায়।

Auto Application Installer দিয়ে ইন্সটল করতে গেলে বেশিরভাগ সময়ই WordPress লেটেস্ট ভার্সন পাওয়া যায় না।

আমার মতে সবচেয়ে ভালো হলো Online FTP Manager, Net2FTP ব্যবহার করা। এটা দিয়ে তুলনামূলক দ্রুত ও নির্ভরযোগ্যভাবে WordPress ইন্সটল করা যায়।

আমরা এই টিউটোরিয়ালে Online FTP Manager, Net2FTP ব্যবহার করে WordPress ইন্সটল করবো। চার ধাপে এটা করতে হয় :


- MySQL Database তৈরি
- WordPress ডাউনলোড ও প্রস্তুতিকরণ
- WordPress আপলোড
- WordPress কনফিগারেশন

## MySQL Database তৈরি

- DhMart Cpanel -এ Login করুন।





- Advance সেকশনে “MySQL Databases”-এ ক্লিক করুন।





- ছক পূরণ করে “Create”-এ ক্লিক করুন।
- DataBase তৈরি হয়েছে।
- Control Panel -এ ফিরে আসুন।

## WordPress ডাউনলোড ও প্রস্তুতিকরণ


- WordPress.org সাইট থেকে লেটেস্ট WordPress ডাউনলোড করুন, অথবা নিচের ডাউনলোড বাটনে ক্লিক করুন:





- আসুন এই ফাইলটাকে Net2FTP দিয়ে আপলোডের উপযোগী করি। এজন্য আপনার PC-তে অবশ্যই WinRAR সফটওয়্যারটা ইন্সটল করা থাকতে হবে। না থাকলে এখান থেকে (RARLAB) WinRar x86 (32 bit) ডাউনলোড করে নিন। এটা ইন্সটল করুন।
- এখন ডাউনলোডকৃত WordPress-এর *.zip ফাইলটার উপর Right Click করে “Extract”-এ ক্লিক করি।




- Extract হওয়ার পর ফোল্ডারটি Open করুন।
- সবগুলা Files আর Folders সিলেক্ট করে Right Click করুন। “Add to archive…”-এ ক্লিক করুন।




- “Archive format” -এ “ZIP” সিলেক্ট করুন। “Compression method”-এ “Best” দিন।





- "OK"-এ ক্লিক করুন।
- নতুন একটা ZIP ফাইল পেয়ে যাবেন। এটা সংরক্ষণ করুন।

## WordPress আপলোড


- DhMart Cpanel -এ Login করুন।





- Control Panel -এ Files সেকশনে "File Manager 1"-এ ক্লিক করুন।
- Password চাওয়া হলে তা দিয়ে "Login"-এ ক্লিক করুন। আবার "File Manager 1"-এ ক্লিক করুন। Password না চাওয়া হলে দরকার নাই।




- Net2FTP উইন্ডো আসবে৷
- “public_html”-এর উপর ক্লিক করুন৷ Directory ওপেন হবে৷
- “Upload”-এ ক্লিক করুন৷




- “Archives (zip, tar, tgz, gz),Archives entered here will be decompressed, and the files inside will be transferred to the FTP server.”-এর নিচে “Browse”-এ ক্লিক করে আমরা যে ZIP ফাইলটা বানিয়েছিলাম সেটা সিলেক্ট করুন৷
- সবুজ টিক চিহ্নে(  ) ক্লিক করুন৷ অপেক্ষা করুন৷
- আপলোড শেষ হওয়ার পর (  )-এ ক্লিক করুন৷ দেখুন আপনার WordPress আপলোড সম্পন্ন হয়েছে৷ সব ফাইলের লিস্ট দেখাবে৷
- বের হয়ে আসুন৷

## WordPress কনফিগারেশন

- আপনার Domain Address-এ যান। (এই টিউটোরিয়ালে http://www.tp-tutorial.co.cc ব্যবহার করা হয়েছে।)
- "Create a Configuration File"-এ ক্লিক করুন।
- "Let's go!"-এ ক্লিক করুন।
- নিচের নির্দেশনা অনুযায়ী ছক পূরণ করুন:

Database Name : আপনার তৈরি MySQL Database-এর নাম

User Name : আপনার তৈরি MySQL Database-এর UserName

Password : আপনার তৈরি MySQL Database-এর Password

Database Host : mysql.dhmart.info দিন। এটা DhMart-এর MySQL হোস্ট।

Table Prefix : যা আছে (wp_) পরিবর্তনের দরকার নাই।

- "Submit"-এ ক্লিক করুন।
- "Run the install"-এ ক্লিক করুন।
- নিচের নির্দেশনা অনুসারে ছক পূরণ করুন:

Site Title : আপনার সাইটের নাম দিন।

Username : আপনার সাইটের এডমিনের UserName দিন।

Password, twice : আপনার সাইটের এডমিনের Password দু'বার দিন।

Your E-mail : আপনার সাইটের এডমিনের Email Adderess দিন।

যদি চান Search Engine-এর Search Result-এ আপনার সাইট শো করবে তাহলে, Allow my site to appear in search engines like Google and Technorati -এর পাশের বক্সে টিক চিহ্ন দিন। প্রথম অবস্থায় টিক না দেওয়াই ভালো।

- "Install WordPress"-এ ক্লিক করুন।
- "Log In"-এ ক্লিক করুন।
- এডমিন UserName আর Password দিয়ে LogIn করুন।

- আপনার সাইটের DashBoard শো করবে।
- আপনার Site-এর Adderss-এ যান। দেখুন WordPress ইন্সটল হয়ে গেছে।

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ৫) : ড্যাশবোর্ড পরিচিতি

আমরা WordPress ইন্সটলেশন শেষ করেছি। এখন যেটা জানা প্রয়োজন তা হলো, WordPress-এর DashBoard-এর সম্পর্কে স্বচ্ছ ধারণা। DashBoard কি? কিভাবে ইউজ করা যায়? কোন মেনুর কাজ কি? ইত্যাদি… এই পর্বে সেটাই আলোচনা করবো।

## DashBoard কি?


WordPress-এ DashBoard হলো সেই জায়গা যেখান থেকে সাইটের Admin সম্পূর্ণ সাইটকে নিয়ন্ত্রণ করতে পারে। এছাড়া অন্যান্য ব্যবহারকারীরা নিজেদের পদ অনুসারে সেখানে নির্দিষ্ট Options ও Features ইউজ করতে পারে। তবে শুধুমাত্র Admin পদের জন্য সকল Options ও Features ইউজ করার সুবিধা থাকে। (WordPress-এ ৫টা পদ আছে। পরে এইসব পদের বিবরণ দেওয়া হয়েছে।)

DashBoard-এর Web Address এরকম হয় – (http://www.****.***/wp-admin/) । যেখানে স্টার* চিহ্নিত অংশ (****.***) হলো Domain-এর নাম। এই টিউটোরিয়ালে DashBoard-এর Web Address হলো – (http://www.tp-tutorial.co.cc/wp-admin)।

আসুন DashBoard পরিচিতি শুরু করি।

- প্রথমেই আপনার DashBoard-এ Log In করুন।

DashBoard-দেখতে এরকম হয়:




## মেনু পরিচিতি

মোট ১১টা Menu আছে। এগুলার মধ্যে আছে আবার কিছু Sub-Menu। ১১টা Menu ও এদের Sub-Menu-এর পরিচিতি নিচে দেওয়া হলো:

**Dashboard:**

***Dashboard:***

- Right Now: এখান থেকে সাইটে কতগুলা Post রয়েছে; কতগুলা Comment রয়েছে,সেগুলা কতগুলা Approve, Pending বা Spam অবস্থায় আছে; Page, Tag, Catagory কতগুলা ইত্যাদি জানা যায়।
- QuickPress: এখান থেকে আপনি দ্রুত পোস্ট করা যায়।
- Recent Comments: সাম্প্রতিক মন্তব্য দেখা যাবে।
- Recent Draft: সাম্প্রতিক সেভ করা Draft বা খসড়া পোস্ট দেখা যাবে।
- WordPress Blog: WordPress.org-এর Official Blog-এর সর্বশেষ পোস্ট দেখা যাবে।
- Incoming Links: অন্য কোন সাইটে যদি আপনার সাইটের লিঙ্ক থাকে তা দেখা যাবে।
- Plugins: জনপ্রিয়, নতুন আর আপডেটেড Plugins দেখাবে।
- Other WordPress News: WordPress সম্পর্কে অন্যান্য সংবাদ দেখা যাবে।

***Updates:***

- এখানে আপনার WordPress, Themes আর Plugins এর সর্বশেষ আপডেট দেখাবে।
- এছাড়া আপনার WordPress এখান থেকে Re-Install করা যাবে।

**Posts:**

***Posts:***

- এখানে সকল Post সম্পর্কে তথ্য পাওয়া যাবে।
- Posts এডিট বা ডিলিট করা যাবে।

***Add New:***

- এখান থেকে নতুন পোস্ট প্রকাশ করা বা খসড়া হিসেবে জমা করা যাবে।

***Catagories:***

- এখানে সাইটে বিদ্যমান পোস্টের বিভাগসমূহ বা Catagories দেখা যাবে।

- নতুন Catagory যোগ করা যাবে।
- বিদ্যমান Catagory এডিট বা ডিলিট করা যাবে।

***Post Tags:***

- এখানে সাইটে বিদ্যমান পোস্টের Tags দেখা যাবে।
- নতুন Tag যোগ করা যাবে।
- বিদ্যমান Tag এডিট বা ডিলিট করা যাবে।

**Media:**

***Library:***

- এখানে আপলোডকৃত ফাইলসমূহ দেখা যাবে।
- সেগুলাকে এডিট, ডিলিট ইত্যাদি ব্যাবস্থাপনা করা যাবে।

***Add New:***

- এখান থেকে নতুন ফাইল আপলোড করা হয়।

**Links:**

***Links:***

- এখানে বিদ্যমান Links, তাদের Catagory ও অন্যান্য তথ্য দেখা যাবে।
- এগুলাকে এডিট বা ডিলিট করা যাবে।

***Add New:***

- এখান থেকে Links যোগ করা হয়।

### *Link Catagories:*

- এখানে বিদ্যমান Links-এর Catagories দেখা যাবে৷
- নতুন Link Catagory যোগ করা যাবে৷
- বিদ্যমান Link Catagory এডিট করা যাবে৷

### Pages:

### *Pages:*

- এখানে বিদ্যমান Pages সম্পর্কে তথ্য পাওয়া যাবে৷
- Pages এডিট বা ডিলিট করা যাবে৷

### *Add New:*

- এখান থেকে নতুন Page প্রকাশ করা বা খসড়া হিসেবে জমা করা যায়৷

### Comments:

- এখানে বিদ্যমান Comments সম্পর্কে তথ্য পাওয়া যাবে৷
- সেগুলার উত্তর দেয়া, এডিট বা ডিলিট করা যাবে৷

### Appearance:

### *Themes:*

- ইন্সটল করা Themes এর তথ্য পাওয়া যাবে৷
- সেগুলা Activate, ডিলিট করা যাবে৷
- নতুন Theme ইন্সটল করা যাবে৷

টিউনারপেজ

***Widgets:***

- Widgets সম্পাদনা করা যাবে।

***Menus:***

- DashBoard-এর জন্য নতুন মেনু বানানো যাবে।
- সেগুলা এডিট বা ডিলিট করা যাবে।

***Editor:***

- এটা দিয়ে মূলত Theme কাস্টোমাইজেশন করা হয়। (কোডিং সম্পর্কে জ্ঞান থাকা দরকার)

**Plugins:**

***Plugins:***

- বিদ্যমান Plugin দেখা যাবে।
- সেগুলা Activate, DeActivate, এডিট, ডিলিট করা যায়।

***Add New:***

- এখান থেকে নতুন Plugins যোগ করা হয়।

***Editor:***

- এটা দিয়ে মূলত Plugins কাস্টোমাইজেশন করা হয়। (কোডিং সম্পর্কে জ্ঞান থাকা দরকার)

**Users:**

***Users:***

- বিদ্যমান Users-দের সম্পর্কে বিভিন্ন তথ্য পাওয়া যাবে।
- তাদের এডিট বা অপসারণ করা যাবে।

***Add New:***

- নতুন User যোগ করা যায়।

***Your Profile:***

- নিজের প্রোফাইল এডিট করা যাবে।

**Tools:**

***Tools:***

- WordPress-এর বিভিন্ন Tools এখান থেকে ব্যবহার করা যাবে।

***Inmort:***

- অন্য WordPress সাইট বা ব্লগ, অন্য Platform-এর সাইট  থেকে আনা

***Export:***

- WordPress-এর Posts বা Pages বা সবকিছু ব্যাকআপ রাখা যায়। যাতে নতুন কোন WordPress সাইট খুললে সেগুলো রিস্টোর করা যায়।

**Settings:**

***General:***

- Site Title: সাইটের নাম।
- Tagline: এক কথায় সাইটের বর্ণনা/লক্ষ্য।
- WordPress address (URL): WordPress-এর Root URL, (বদলানোর দরকার নাই)।
- Site address (URL): সাইটের হোমপেজ URL, (বদলানোর দরকার নাই)।
- E-mail address: সাইটের Admin Mail Address ।
- Membership: টিক দিলে সবাই রেজিস্টার করতে পারবে।
- New User Default Role: নতুন ব্যবহারকারীর ডিফল্ট পদ।
- Timezone: যে রাজধানীর সময় অনুসরণ করা হবে।
- Date Format: তারিখ যেভাবে সাজানো থাকবে।
- Time Format: সময় যেভাবে সাজানো থাকবে।
- Week Starts On: সপ্তাহ যে বার-এ শুরু হবে।

***Writing:***

- লেখালেখি নিয়ে সেটিংস।

***Reading:***

- যেভাবে লেখা সাজানো থাকবে তার সেটিংস।

***Discussion:***

- Post, Article, Comment -এর জন্য বিভিন্ন সেটিংস।
- Avatar: ব্যবহারকারীদের Profile Picture সম্পর্কে বিভিন্ন সেটিংস।

***Media:***

- Image sizes: ছবির সাইজের সেটিংস ঠিক করা যাবে।

- Embeds: মিডিয়া ফাইল এম্বেড করার জন্য সেটিংস।
- Uploading Files: ফাইল Uploading Directory ঠিক করা যায়।

***Privacy:***

- Site Visibility: সাইট বিভিন্ন Search Engine-এর Search Result-এ আসবে কিনা তা ঠিক করা যাবে।

***Permlinks:***

- Common settings: সাইটের Posts-এর Link কিরূপ হবে তা ঠিক করা যাবে।
- Optional: এটাতে Catagory ও Tag অনুসারে Post দেখালে কিরূপ Link হবে তা ঠিক করা যাবে।

এই হলো WordPress DashBoard-এর পরিচিতি। এগুলো ঠিকভাবে জানা খুব জরুরি কারণ এখান থেকেই সাইটের যাবতীয় সবকিছু নিয়ন্ত্রণ করা হয়।

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ৬) : বাংলা ভাষা ইন্সটল

WordPress সাইট যখন বানানো হলোই তখন অনেকেরই হয়তো মনে হবে, সবকিছু যদি বাংলায় হতো ! সবাই যাতে নিজের ভাষায় WordPress ব্যবহার করতে পারে তার ব্যবস্থা কিন্তু WordPress-এ রয়েছে। বর্তমানে ৬৭টা দেশের ভাষায় WordPress ব্যবহার করা যায়। এই পর্বে আমরা শিখব কিভাবে WordPress-এ বাংলা ভাষা ইন্সটল করা যায়।

তিন ধাপে এটা করা যায়:

- বাংলা Language ফাইল ডাউনলোড
- বাংলা Language ফাইল আপলোড
- WordPress-এ বাংলা কনফিগারেশন

## বাংলা Language ফাইল ডাউনলোড

- WordPress in Your Language -এ যান।
- Bengali localization of wordpress. Project Code: Meghdut – এ ক্লিক করুন।
- bn_BD.mo ও bn_BD.po ফাইল দু'টা ডাউনলোড করুন।

## বাংলা Language ফাইল আপলোড


WordPress-এর >wp-content ফোল্ডারের মধ্যে languages ফোল্ডারে bn_BD.mo ও bn_BD.po ফাইল দু'টা Upload করতে হবে। >wp-includes ফোল্ডারের মধ্যে languages ফোল্ডারে bn_BD.mo ও bn_BD.po ফাইল দু'টা Upload করতে হবে।

- Dhmart Cpanel -এ Login করুন।




- Control Panel -এ Files সেকশনে "File Manager 1"-এ ক্লিক করুন।


- Password চাওয়া হলে তা দিয়ে “Login”-এ ক্লিক করুন। আবার “File Manager 1”-এ ক্লিক করুন। Password না চাওয়া হলে দরকার নাই।
- Net2FTP উইন্ডো আসবে।





- Directory Bar-এ উপরের ছবির মতো লিখুন – /public_html/wp-content/
- Enter দিন। Directory ওপেন হবে।
- “New dir”-এ ক্লিক করুন।
- “New directory name”-এ languages লিখে (  )-এ ক্লিক করুন।
- (  )-এ ক্লিক করুন।
- Directory Bar-এ লিখুন – /public_html/wp-content/languages/
- Enter দিন। Directory ওপেন হবে।
- “Upload”-এ ক্লিক করুন।
- “Files, Files entered here will be transferred to the FTP server.”-এর নিচে “Browse”-এ ক্লিক করে “bn_BD.mo” ফাইলটা সিলেক্ট করুন। আবার “Browse”-এ ক্লিক করে “bn_BD.po” ফাইলটা সিলেক্ট করুন।
- সবুজ টিক চিহ্নে(  ) ক্লিক করুন। অপেক্ষা করুন।
- আপলোড শেষ হওয়ার পর (  )-এ ক্লিক করুন।
- একই ভাবে, /public_html/wp-includes/ -এই Directory-তেও languages নামে নতুন Directory খুলে তার মধ্যে bn_BD.mo ও bn_BD.po ফাইল দু’টা Upload করুন।
- বের হয়ে আসুন।

## WordPress-এ বাংলা কনফিগারেশন

- Dhmart Cpanel -এ Login করুন।




- Control Panel -এ Files সেকশনে “File Manager 1”-এ ক্লিক করুন।
- Password চাওয়া হলে তা দিয়ে “Login”-এ ক্লিক করুন। আবার “File Manager 1”-এ ক্লিক করুন। Password না চাওয়া হলে দরকার নাই।
- Net2FTP উইন্ডো আসবে।
- “public_html”-এর উপর ক্লিক করুন। Directory ওপেন হবে।



| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| php | wp-comments-post.php | PHP script | 3931 | [redacted] | [redacted] | rw-r--r-- | Jun 26 04:37 | View | Edit | Open |
| php | wp-commentsrss2.php | PHP script | 244 | [redacted] | [redacted] | rw-r--r-- | Jun 26 04:37 | View | Edit | Open |
| php | wp-config-sample.php | PHP script | 3087 | [redacted] | [redacted] | rw-r--r-- | Jun 26 04:37 | View | Edit | Open |
| php | wp-config.php | PHP script | 3385 | [redacted] | [redacted] | rw-rw-rw- | Jun 26 05:02 | View | Edit | Open |
| php | wp-cron.php | PHP script | 1255 | [redacted] | [redacted] | rw-r--r-- | Jun 26 04:37 | View | Edit | Open |
| php | wp-feed.php | PHP script | 246 | [redacted] | [redacted] | rw-r--r-- | Jun 26 04:37 | View | Edit | Open |
| php | wp-links-opml.php | PHP script | 1997 | [redacted] | [redacted] | rw-r--r-- | Jun 26 04:37 | View | Edit | Open |

- “wp-config” ফাইলের ডান পাশে “Edit”-এ ক্লিক করুন।
- “define(‘DB_CHARSET’, ‘utf8’);” -এই লাইনটা খুঁজে বের করুন। “utf8” এর বদলে “UTF-8” লিখুন। তাহলে লাইনটা হবে – “define(‘DB_CHARSET’, ‘UTF-8’);” এরকম।
- “define(‘WPLANG’, ”);” -এই লাইনটা খুঁজে বের করুন। ” -এর মধ্যে লিখুন bn_BD। তাহলে লাইনটা হবে – “define(‘WPLANG’, ‘bn_BD’);” এরকম।
- (  )-এ ক্লিক করুন।(  )-এ ক্লিক করুন।
- বের হয়ে আসুন।

আপনার WordPress সাইটের DashBoard-এ LogIn করে দেখুন সব বাংলা হয়ে গেছে। তাহলে হয়ে গেলো WordPress -এ বাংলা ইন্সটলেশন।

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ৭) : ফেভিকন অ্যাডিং

## FavIcon কি?

এড্রেসবারে ওয়েবসাইট বা ব্লগের Domain Name -এর ঠিক বাম দিকে ছোট একটা চিহ্ন বা ছবি থাকে৷ এটাকেই ওয়েব জগতের ভাষায় FavIcon বলে৷ যেমন – টিউনারপেজ-এর Favicon হলো:

## কেন FavIcon ব্যবহার করবো?

- FavIcon আপনার সাইট এর স্বতন্ত্র বিশেষ বৈশিষ্ট্য বহন।
- FavIcon ব্যবহারের কারণে আপনার সাইটকে ভিজিটরা অন্যান্য সাইট থেকে আলাদা করতে পারবে এবং সহজে মনে রাখতে পারবে।
- ইউনিক একটা FavIcon আপনার সাইটকে Net-এর জগতে একটা পরিচয় দিবে৷
- FavIcon ব্যবহারের কারণে আপনার সাইট প্রফেশনাল লুকিং হয়৷

## কিভাবে FavIcon বানাবো?


- প্রথমে Photoshop বা অন্য কোন সফটওয়্যার দিয়ে একটা ছবি বানিয়ে নিন, যেটাকে আপনি FavIcon করতে চান৷ এটার সাইজ ১৬*১৬ বা ৩২*৩২ বা ৪৮*৪৮ পিক্সেল এবং ফরম্যাট *.png বা *gif বা *jpg হতে হবে৷
- এবার [ConvertIcon!](ConvertIcon!) সাইটে যান৷
- "Get Started"-এ ক্লিক করুন৷
- নিচে "Files of type:" -এ Image(png, gif, jpeg) সিলেক্ট করুন৷ আপনার বানানো ছবিটা সিলেক্ট করে "Open" -এ ক্লিক করুন৷
- "Export" -এ ক্লিক করুন৷
- 16×16 ও 32×32 এ টিক দিন৷
- "Save As-এ ক্লিক করুন৷ 'Save" -এ ক্লিক করুন৷
- বের হয়ে আসুন৷
- আপনার সেভ করা Icon-টাকে Rename করে "Favicon" নাম দিন৷
- এটা সংরক্ষণ করুন৷

## FavIcon আপলোড করা

- DhMart Cpanel -এ Login করুন।
- Control Panel -এ Files সেকশনে "File Manager 1"-এ ক্লিক করুন।
- Password চাওয়া হলে তা দিয়ে "Login"-এ ক্লিক করুন। আবার "File Manager 1"-এ ক্লিক করুন। Password না চাওয়া হলে দরকার নাই।
- Net2FTP উইন্ডো আসবে।
- "public_html"-এর উপর ক্লিক করুন। Directory ওপেন হবে।
- "Upload"-এ ক্লিক করুন।
- "Files, Files entered here will be transferred to the FTP server." -এর নিচে "Browse"-এ ক্লিক করে আপনার সংরক্ষিত Favicon.ico ফাইলটা সিলেক্ট করুন।
- সবুজ টিক চিহ্নে( ) ক্লিক করুন। অপেক্ষা করুন।
- আপলোড শেষ হওয়ার পর ( )-এ ক্লিক করুন।
- বের হয়ে আসুন।

## FavIcon সাইটে যুক্ত করা

- আপনার সাইটের Admin Panel-এ LogIn করুন।
- DashBoard-এ "Appearance" Menu-এর Sub-Menu "Editor" -এ ক্লিক করুন।




- ডান পাশ থেকে “header.php” সিলেক্ট করুন।
- <head> Tag খুঁজে বের করুন।
- <head> Tag-এর নিচে নিচের কোডটা Copy করে Paste করুন। (****.***) -কে আপনার Domain Name দিয়ে রিপ্লেস করুন। এই টিউটোরিয়ালের ক্ষেত্রে এটা – tp-tutorial.co.cc ।

```
<link href='http://www.****.***/favicon.ico' rel='shortcut icon'/>
<link href='http://www.****.***/favicon.ico' rel='shortcut icon' type='image/vnd.microsoft.icon'/>
<link href='http://www.****.***/favicon.ico' rel='icon'/>
<link href='http://www.****.***/favicon.ico' rel='icon' type='image/vnd.microsoft.icon'/>
```

- “Update File” -এ ক্লিক করুন।

```
?><!DOCTYPE html>
<html <?php language_attributes(); ?>>
<head>
<link href='http://www.tp-tutorial.co.cc/favicon.ico' rel='shortcut icon'/>
<link href='http://www.tp-tutorial.co.cc/favicon.ico' rel='shortcut icon'
type='image/vnd.microsoft.icon'/>
<link href='http://www.tp-tutorial.co.cc/favicon.ico' rel='icon'/>
<link href='http://www.tp-tutorial.co.cc/favicon.ico' rel='icon'
type='image/vnd.microsoft.icon'/>
<meta charset="<?php bloginfo( 'charset' ); ?>" />
<title><?php
        /*
```

- বের হয়ে আসুন।
- কাজ শেষ এবার অপেক্ষা করুন। সর্বোচ্চ ২ দিন লাগে FavIcon সেট হতে।

কিছুক্ষণ পর আপনার সাইটে গিয়ে দেখুন FavIcon সেট হয়েছে।

**নোট:** এই সাইটে গিয়েও FavIcon বানাতে পারেন - iConvertIcons ।

---

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ৮) : থিম ইন্সটলেশন

WordPress-এ Theme একটা গুরুত্বপূর্ণ জিনিস। ভালো একটা Theme ভিজিটরদের উপর ভালো প্রভাব ফেলে। এই পর্বে আমরা শিখবো কিভাবে WordPress-এ Theme ইন্সটল করা যায়। কয়েকটি ধাপে আমরা কাজটাকে ভাগ করে নেই, তাহলে সুবিধা হবে:

- WordPress Official Site থেকে Theme খোঁজা
- WordPress Official Site থেকে পাওয়া Theme ইন্সটলেশন
- অন্যান্য জায়গা থেকে Theme খোঁজা
- অন্যান্য জায়গা থেকে পাওয়া Theme ইন্সটলেশন
- Theme এক্টিভেট করা

### WordPress Official Site থেকে Theme খোঁজা:

২ ভাবে WordPress Official Site থেকে Theme খোঁজা যায়:

## নাম দিয়ে:


- WordPress Free Themes Directory




- বক্সে নাম লিখে “Search Themes”-এ ক্লিক করুন।
- Live Demo দেখতে চাইলে Search Result-এ আসা Themes-এ ক্লিক করুন। “Preview”-এ ক্লিক করুন।

## Tag দিয়ে:

- Free Themes Directory – Tag Filter -এ যান।
- যেটা যেটা দরকার তার পাশে বক্সে টিক দিন।




- “Find Themes”-এ ক্লিক করুন।





- Live Demo দেখতে চাইলে Search Result-এ আসা Themes-এর ছবির উপর ক্লিক করুন।

যে Theme-টা পছন্দ হয় তার নামটা মনে রাখুন।

## WordPress Official Site থেকে পাওয়া Theme ইন্সটলেশন

- আপনার সাইটের Admin Panel-এ LogIn করুন।
- “Appearance” Menu-এর Sub-Menu “Themes” -এ ক্লিক করুন।
- “Install Themes”-এ ক্লিক করুন।




- Search বক্সে আপনার পছন্দের Theme-টার নাম লিখে “Search”-এ ক্লিক করুন।
- Theme-টা আসলে তার নিচে “Install”-এ ক্লিক করুন।
- “Install Now”-এ ক্লিক করুন।
- “Return to Themes page”-এ ক্লিক করুন।
- Theme ইন্সটলেশন হয়ে গেল।

## অন্যান্য জায়গা থেকে Theme খোঁজা

- Google-এ যান।
- WordPress Theme Download বা এরকম কিছু লিখে Search দিন।
- কোন একটা সাইটে ঢুকুন।
- Theme খুঁজুন।
- পছন্দমত একটা Theme Download করুন।
- একটা ZIP ফাইল Download হবে।

## অন্যান্য জায়গা থেকে পাওয়া Theme ইন্সটলেশন

- আপনার সাইটের Admin Panel-এ LogIn করুন।
- “Appearance” Menu-এর Sub-Menu “Themes” -এ ক্লিক করুন।
- “Install Themes”-এ ক্লিক করুন।
- “Upload”-এ ক্লিক করুন।
- “Browse”-এ ক্লিক করুন।
- আপনার Download করা ZIP ফাইলটা সিলেক্ট করুন।
- “Install Now”-এ ক্লিক করুন।

- “Return to Themes page”-এ ক্লিক করুন।

## Theme এক্টিভেট করা

- আপনার সাইটের Admin Panel-এ LogIn করুন।
- “Appearance” Menu-এর Sub-Menu “Themes” -এ ক্লিক করুন।
- Available Themes-এ যে Themes-গুলা Install করা হয়েছে তাদের দেখাবে।
- যেটা এক্টিভেট করতে চান তার নিচে “Activate”-এ ক্লিক করুন।

আপনার WordPress সাইটে যান। দেখুন নতুন Theme ইন্সটল হয়ে গেছে।

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ৯) : প্লাগইন্স ইন্সটলেশন

WordPress কাস্টোমাইজেশনের জন্য PlugIns একটা খুবই প্রয়োজনীয় জিনিস। WordPress-এর জন্য হাজার হাজার PlugIns পাবেন WordPress-এর Official Site-এ। আসুন দেখি কিভাবে PlugIns ইন্সটল করা যায়।

## PlugIns খোঁজা

- [WordPress.org Official Site]-এ যান।
- Extended মেনু থেকে [Plugins] অপশনে যান।



- Search বক্সে আপনার কাংক্ষিত PlugIn-এর নাম বা কাছাকাছি কিছু লিখে “Search Plugins”-এ ক্লিক করুন।
- যেমন – আপনার সাইটের সাথে Facebook-কে Connect করতে পারে এমন PlugIn চাইলে Facebook বা Facebook Connect লিখে সার্চ করুন।

- যে PlugIn-টা পছন্দ হয় সেটাতে ক্লিক করুন।
- Download বাটনে ক্লিক করুন।
- Download করা ফাইলটা সংরক্ষণ করুন।
- “Installation” নামে কোন অপশন থাকলে সেটা ভালো ভাবে পড়ুন। এটা **PlugIn Installation Guide**।

## PlugIns ইন্সটল করা

- আপনার সাইটের Admin Panel-এ LogIn করুন।
- “Plugins” Menu-এর Sub-Menu “Add New” -এ ক্লিক করুন।
- “Upload”-এ ক্লিক করুন।
- “Browse”-এ ক্লিক করে যে ফাইলটা Download করেছিলেন সেটা সিলেক্ট করুন।




- “Install Now”-এ ক্লিক করুন।
- “Return to Plugins page”-এ ক্লিক করুন।
- **PlugIn Installation Guide** -এ যদি Upload করার পর আরো কিছু করতে বলা হয় সেটা করুন। সাধারণত কিছু PlugIns-কে কার্যকর করার জন্য Theme-এ কিছু পরিবর্তন করা লাগে। সেটা DashBoard-এ “Appearance” মেনুর সাবমেনু “Editor” থেকে করতে পারবেন।

## PlugIns এক্টিভেট করা

- আপনার সাইটের Admin Panel-এ LogIn করুন।
- “Plugins” Menu-তে ক্লিক করুন।
- Install করা PlugIn-গুলা দেখাবে।

- যেটা এক্টিভেট করতে চান তার নিচে "Activate"-এ ক্লিক করুন।

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ১০) : ট্রান্সলেশন #১

WordPress এমন একটা ব্যবস্থা যেখানে সবকিছু আপনার প্রয়োজনমত সাজিয়ে নিতে পারেন। আজকে আমরা দেখবো কিভাবে WordPress-এ বিভিন্ন জায়গায় নিজের মতো অনুবাদ করে নেওয়া যায়। সাধারণত ৩ জায়গায় অনুবাদ করা দরকার পরে।

- DashBoard Translation
- Theme Translation
- Plugin Trasnlation

## DashBoard Translation

আমরা আগেই দেখেছি কিভাবে WordPress-এর DashBoard-এ বাংলা ভাষা ইন্সটল করা হয়। অনেক সময় এখানে কোন লাইন বা শব্দ বদলাতে হতে পারে। এজন্য আমাদের একটা Software দরকার হবে, যার নাম PoEdit. কাজটাকে কয়েক ভাগে ভাগ করে নেওয়া যাক।


- PoEdit ইন্সটল করা
- *.mo ফাইলকে *.po ফাইলে কনভার্ট করা
- *.po ফাইলকে এডিট করা
- *.po ফাইলকে *.mo ফাইলে কনভার্ট করা
- অনুবাদকৃত *.mo ফাইল ইন্সটলেশন

### PoEdit ইন্সটল করা


- PoEdit-এর ওয়েবসাইট থেকে PoEdit ডাউনলোড করে নিন।
- ডাউনলোডকৃত ফাইলটি Open করুন।




- 'Next >”-এ ক্লিক করুন।




- “I accept the agreement” সিলেক্ট করে 'Next >”-এ ক্লিক করুন।





- Installation Directory বদলাতে চাইলে বদলাতে পারেন। আমার মতে বদলানোর দরকার নাই।

- 'Next >"-এ ক্লিক করুন।




- 'Next >"-এ ক্লিক করুন।




- যদি Start Menu-তে PoEdit ফোল্ডার না রাখতে চান, তাহলে লাল চিহ্নিত বক্সে টিক দিন।
- 'Next >"-এ ক্লিক করুন।




- "Install"-এ ক্লিক করুন।
- Install হয়ে গেলে "Finish"-এ ক্লিক করুন।


ব্যস, হয়ে গেল PoEdit ইন্সটল করা।

## *.mo ফাইলকে *.po ফাইলে কনভার্ট করা


*mo ও *.po হল WordPress-এর Language ফাইল। *.po ফাইলে Translation স্ক্রিপ্ট থাকে। সেটাকে *.mo ফাইলে কনভার্ট করে WordPress-এ ব্যবহার করা হয় (ইতোমধ্যে আমরা WordPress-এ বাংলা ভাষা ইন্সটল করেছি। সেখানে "bn_BD.mo" নামের ফাইল

ব্যবহার করা হয়েছে)। PoEdit সফটওয়্যার *.mo ফাইল Read করতে পারে না। এটা *.po ফাইল Read ও Edit করতে পারে। তাই প্রথমে আমাদের প্রথম কাজ *.mo ফাইলকে *.po ফাইলে কনভার্ট করা।

- Bengali localization of wordpress. Project Code: Meghdut থেকে “bn_BD.mo” ফাইলটা Download করুন।
- এটাকে Copy করে PoEdit Installation Directory-এর মধ্যে ‘bin’ নামক Folder-এ Paste করুন। (আপনি যদি Installation Directory বদলিয়ে না থাকেন তাহলে এই Directory-তে Paste করতে হবে – “C:\Program Files\Wordpress\Poedit\bin”)




- Right Cilck করে New থেকে Text Document সিলেক্ট করুন।
- “New Text Document” Open করুন।





- লিখুন – msgunfmt bn_BD.mo > bn_BD.po
- এরপর “File” মেনু থেকে “Save As…” -এ ক্লিক করুন।

- File name: mo2po.bat ও Save as type: All Files দিয়ে Save করুন।
- সেভ করা ফাইলটাকে Open করুন।
- দেখুন "bn_BD.po" ফাইল এসে গেছে।

## *.po ফাইলকে এডিট করা

- "bn_BD.po" ফাইলটার ওপর Right Click করে Open-এ ক্লিক করুন।




- লিস্ট থেকে Notepad সিলেক্ট করে "OK"-তে ক্লিক করুন।

```
msgid ""
msgstr ""
"Project-Id-Version: Meghdut 2.7.1\n"
"Report-Msgid-Bugs-To: wp-polyglots@lists.automattic.com\n"
"POT-Creation-Date: 2009-04-16 16:55+0000\n"
"PO-Revision-Date: 2009-04-17 06:43+0600\n"
"Last-Translator: \n"
"Language-Team: Meghdut <admin@meghdut.com>\n"
"MIME-Version: 1.0\n"
"Content-Type: text/plain; charset=UTF-8\n"
"Content-Transfer-Encoding: 8bit\n"
"X-Poedit-Language: Bengali\n"
"X-Poedit-Country: BANGLADESH\n"
"X-Poedit-SourceCharset: utf-8\n"
"X-Poedit-Basepath: D:\\xampplite\\htdocs\\wp22\n"

msgid "% Comments"
msgstr "% টি মন্তব্য"
```

- এরকম লেখা দেখা যাবে।
- এখানে msgid এর পর কোটেশন মার্ক("…")-এর ভেতর যেটা লেখা থাকে সেটা হল WordPress-এর Default Laguage ইংরেজিতে DashBoard-এ যেটা লেখা থাকে সেটা। এবং msgstr এর পর কোটেশন মার্ক("…")-এর ভেতর যেটা লেখা থাকে সেটা হল সেই ইংরেজির বদলে আপনি কি লেখা দিতে চান সেটা।
- ধরুন আপনি DashBoard-এ "Dashboard" লেখাটা পরিবর্তন করে চাচ্ছেন। তাহলে [Ctrl]+[F] চাপুন। Find বক্স আসবে। সেখানে Dashboard লিখে "Find Next"-এ ক্লিক করুন। দেখুন সেটা চলে এসেছে।


```
msgid "Dashboard"
msgstr "খেরোখাতা"
```

এখানে msgstr এর পর "খেরোখাতা" লেখা আছে। এর মানে ইংরেজি DashBoard-এ যেখানে "Dashboard" লেখা দেখাত সেখানে বাংলা DashBoard-এ "খেরোখাতা" লেখা দেখাবে। আপনি চাইলে এটা বদলে দিতে পারেন। যেমন – আপনি যদি "খেরোখাতা"-এর পরিবর্তে "ড্যাশবোর্ড প্যানেল" লেখেন তাহলে বাংলা DashBoard-এ ইংরেজি DashBoard-এ যেখানে "Dashboard" লেখা দেখাত সেখানে "ড্যাশবোর্ড প্যানেল" লেখা দেখাবে।

- আবার ধরুন আপনি DashBoard-এ "Media" লেখাটা পরিবর্তন করে "মিডিয়া" করতে চাচ্ছেন। আগের মতো [Ctrl]+[F] চাপুন। Find বক্স আসবে। সেখানে Media লিখে "Find Next"-এ ক্লিক করুন। যদি msgid "Media" লেখা খুঁজে পান তাহলে আগের পদ্ধতি অনুসরণ করুন। না হলে ফাইলের একদম শেষে লিখুন,





- খেয়াল করুন, অনেক জায়গায় % , $ ইত্যাদি চিহ্ন বা HTML Tag সহ কিছু Word বা Term আছে৷ সেগুলা পরিবর্তন করা যাবে না৷ যেমন-




- ফাইল Edit করা শেষ হলে সেভ করে বের হয়ে আসুন৷

## *.po ফাইলকে *.mo ফাইলে কনভার্ট করা

- PoEdit সফটওয়্যারটি রান করুন৷




- File মেনু থেকে Open অপশনে ক্লিক করুন৷
- আপনার এডিট করা bn_BD.po ফাইলটি open করুন৷

- File মেনু থেকে Save অপশনে ক্লিক করুন।
- আপনার আগের bn_BD.mo ফাইল রিপ্লেস হয়ে যাবে।

আমরা পেয়ে গেলাম অনুবাদকৃত bn_BD.mo ফাইল।

### অনুবাদকৃত *.mo ফাইল ইন্সটলেশন

- আগের bn_BD.mo ফাইলের স্থানে এটা রিপ্লেস করা লাগবে।
- "WordPress.org টিউটোরিয়াল (পর্ব ৬) : বাংলা ভাষা ইন্সটল" অনুসারে এটা করুন। সবকিছু আগের মত করলেই হবে। শুধু আপনার এডিট করা bn_BD.mo ফাইলটা ব্যবহার করতে হবে।

তাহলে, আমরা শিখে গেলাম কিভাবে DashBoard-কে নিজের মতো Translation করে নেওয়া যায়।

## WordPress.org টিউটোরিয়াল (পর্ব ১১) : ট্রান্সলেশন #২

WordPress এমন একটা ব্যবস্থা যেখানে সবকিছু আপনার প্রয়োজনমত সাজিয়ে নিতে পারেন। আজকে আমরা দেখবো কিভাবে WordPress-এ বিভিন্ন জায়গায় নিজের মতো অনুবাদ করে নেওয়া যায়। সাধারণত ৩ জায়গায় অনুবাদ করা দরকার পরে।

- DashBoard Translation
- Theme Translation
- Plugin Trasnlation

গতপর্বে আমরা দেখেছিলাম কিভাবে DashBoard ট্রান্সলেট করতে হয়। এই পর্বে আমরা Themes ট্রান্সলেশন করা শিখবো।

### Theme ট্রান্সলেশন

Theme ট্রান্সলেশন করার থিমভেদে ২টা পদ্ধতি রয়েছে।

- **Language ফাইল এডিট**: অনেক থিম Language ফাইল সাপোর্ট করে। WordPress-এর Language ফাইলের extension হলো *.mo । এই *.mo ফাইল এডিট করে এসব Theme ট্রান্সলেট করা হয়।
- **Theme Template এডিট**: আবার অনেক থিম Language ফাইল সাপোর্ট করে না। এদের ট্রান্সলেট করার জন্য এদের Theme Template এডিট করতে হয়। এজন্য HTML, PHP সম্পর্কে কিছুটা ধারণা থাকলে ভালো হয়। যদি এগুলো সম্পর্কে ভালোভাবে না জানা থাকে তাহলে অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিতে পারেন। কারণ Template এডিট করার সময় কোডিং-এ কোন কিছু ভুল হলে Theme নষ্ট হয়ে যেতে পারে।


WordPress-এর জন্য সম্প্রতিককালে যেসব নতুন থিম বের হচ্ছে বেশিরভাগই Language ফাইল সাপোর্ট করে। WordPress-এর বাই ডিফল্ট থিম Twenty Ten, Twenty Eleven – এগুলোও Language ফাইল সাপোর্ট করে।

প্রশ্ন: কিভাবে বুঝবেন থিম Language ফাইল সাপোর্ট করে কিনা?


উত্তর: যেসব থিমে "lang" বা "languages" নামে ফোল্ডার থাকে সেসব থিম language ফাইল সাপোর্ট করে।

আসুন শুরু করি।

- আপনার পছন্দের থিমটা পিসিতে Download করে নিন।
- ডাউনলোডকৃত zip ফাইলটা unzip করুন। (এজন্য আপনার পিসিতে WinRAR সফটওয়্যারটি ইন্সটল করা থাকতে হবে। zip ফাইলের উপর Right-Cilck করে "Extract Here"-এ ক্লিক করুন)




- থিম ফোল্ডার Open করুন, এটার ভিতরে যদি "languages" বা "lang" নামে কোন ফোল্ডার থাকে, তাহলে "**Language ফাইল এডিট**" করার মাধ্যমে ট্রান্সলেট করা যাবে।




- আর যদি না থাকে তাহলে "**Theme Template এডিট**" করে ট্রান্সলেট করা লাগবে।


নিচে ২টাই আলোচনা করা হল।

## Language ফাইল এডিট

- আপনার থিমের "languages" বা "lang" ফোল্ডারটি Open করুন। এর ভিতর *.pot , *.po বা উভয় ধরণের ফাইল থাকতে পারে।
- শুধু *.pot ফাইল থাকলে(*.po ফাইল না থাকলে) **নীল** রঙের ধাপগুলো অনুসরণ করুন। *.po ফাইল থাকলে **কমলা** রঙের ধাপগুলো অনুসরণ করুন। তারপর কালো রঙের ধাপগুলো অনুসরণ করে যান।

**শুধু *.pot ফাইল থাকলে(*.po ফাইল না থাকলে)**

- *PoEdit সফটওয়্যারটি Open করুন।*
- *File মেনু থেকে "New catalog from POT file…"-এ ক্লিক করুন।*




- *আপনার থিমের *.pot ফাইলটা Open করুন।*
- *একটা ডায়ালগ বক্স আসবে। নিচের নির্দেশনা অনুযায়ী ফর্ম পূরণ করুন,*

*Project name and version: থিমের নাম ও ভার্সন*

*Team: ট্রান্সলেটরের নাম বা টিমের নাম (আপনার নাম দিতে পারেন)*

*Team's email address: ট্রান্সলেটরের বা টিমের মেইল এড্রেস*


*Language: Bengali সিলেক্ট করুন (যেহেতু আমরা বাংলায় ট্রান্সলেট করব)*

*Country: আপনার দেশের নাম সিলেক্ট করুন (অবশ্যই Bangladesh)*


*Charset: UTF-8 সিলেক্ট করুন*

*Source code charset: ফাঁকা থাকুক*

*Plural Forms: ফাঁকা থাকুক*





- *"OK"-তে ক্লিক করুন।*
- *"bn_BD.po" নাম দিয়ে সেভ করুন।*




- *PoEdit বন্ধ করুন।*

***.po ফাইল থাকলে**

- *আপনার থিমের "languages" বা "lang" ফোল্ডারে নিচের ছবির মতো এক বা একাধিক ভাষার *.po ফাইল থাকতে পারে।*



- “en_US.po”থাকলে সেটাকে Rename করে “bn_BD.po” নাম দিন। “en_US.po” না থাকলে অন্য যেকোন একটাকে Rename করে “bn_BD.po” নাম দিন।

- PoEdit সফটওয়্যারটি Open করুন।
- আপনার Save বা Rename করা “bn_BD.po” ফাইলটি Open করুন।
- এ ছবির মত স্ক্রীন আসবে (যদি আপনি *.pot ফাইল নিয়ে কাজ করে সেটাকে *.po ফাইল হিসেবে Save করে থাকেন, অর্থাৎ নীল ধাপগুলো অনুসরণ করে থাকেন। অথবা, সাদা ধাপে “en_US.po”-কে Rename করে থাকেন।)




- অথবা, এ ছবির মত স্ক্রীন আসবে (যদি আপনি সাদা ধাপে “en_US.po” বাদে অন্য কোনটাকে Rename করে থাকেন।)




- দুটোর যেটাই আসুক না কেন, আপনি এবার Original string টেবিলের যে কোন একটা বাক্য বা শব্দকে ক্লিক করে সিলেক্ট করুন। এখানে স্ক্রীনশটে "About %s" সিলেক্ট করা দেখানো হলো।




- নিচে দুটা ঘর আসবে। একটাতে আপনি যে বাক্য বা শব্দ সিকেক্ট করেছেন সেটা আসবে। এর নিচেরটাতেই আপনার অনুবাদ করে লেখার জায়গা আসবে।

- অনুবাদ ঘরে আপনি অনুবাদ করে যা দিতে চান সেটা লিখুন। অনুবাদ ঘরে যদি আগে থেকেই কিছু লেখা থাকে সেটা মুছে ফেলে নিজের অনুবাদ লিখুন।
- স্ক্রীনশটে "About %s"-এর অনুবাদ ঘরে "%s সম্পর্কে" লেখা হয়েছে।
- এভাবে সবগুলা Original string কে বাংলায় রূপান্তর করতে হবে।
- অনুবাদ করার সময় HTMLTag ও PHP Value সম্পর্কে সচেতন থাকতে হবে। যেমন, একটা Original string দেখা যাক:

You can <a%1$s>leave a response</a> or <a%2$s>trackback</a> from your own site.

এখানে, <a> ও </a> হলো HTML ট্যাগ, আর %1$s %2$s হলো PHP Value। অনুবাদের সময় এগুলো এভাবেই যোগ করতে হবে। আমরা এটা অনুবাদ এভাবে করতে পারি:

আপনি <a%1$s>মন্তব্য</a> বা আপনার সাইট থেকে <a%2$s>ট্র্যাকব্যাক</a> করতে পারেন।

- নিচের ছবিতে কিছু উদাহরণ দেওয়া হলো:


| Original string | Translation |
|---|---|
| %1$s %2$d | %1$s %2$d |
| %1$s (%2$s posts) | %1$s (%2$s পোস্ট) |
| %1$s by %2$s | %1$s লিখেছেন %2$s |
| %1$s queries in %2$s seconds (%3$sM) | %2$s সেকেন্ডের মধ্যে %1$s কোয়েরী (%3$sM) |
| %1$s written by %2$s %3$s | %1$s লিখেছেন %2$s %3$s |
| %1$s, translator: %2$s (%3$s) | %1$s, অনুবাদক: %2$s (%3$s) |
| %s comment | %s টি মন্তব্য |
| %s day ago | %s দিন আগে |
| %s followers | %s জন অনুসারী |
| %s hasn't written any posts yet | %s এ পর্যন্ত কোন পোস্ট লিখেন নাই |
| %s hour ago | %s ঘন্টা আগে |
| %s is available | বর্তমানে %s লভ্য |
| %s is empty. Add widgets here, otherwise this area will n... | %s খালি আছে। এখানে উইজেট যুক্ত করুন, নাহলে এ স্থানটা দৃশ্য... |
| %s karma | % karma |
| %s minute ago | %s মিনিট আগে |
| %s month ago | %s মাস আগে |
| %s out of 10 | ১০ এ %s |
| %s post | %s টি পোস্ট |
| %s second ago | %s সেকেন্ড আগে |

- সবগুলো Original string অনুবাদ করা হয়ে গেলে "File" মেনু থেকে "Save"-এ ক্লিক করুন।
- যে Directory-তে *.po ফাইলটি ছিল সেখানে দেখবেন *.mo ফাইল তৈরি হয়েছে।
- এবার *.mo ফাইলটাকে আপনার হোস্টিংয়ে Theme-এর ল্যাঙ্গুয়েজ Directory-তে(Theme ফোল্ডারের ভেতর "lang" বা "languages" ফোল্ডারে) Upload করে দিন।
- আপনার সাইটে যদি বাংলা ভাষা ইন্সটল করা থাকে তাহলে থিমটি বাংলায় দেখা যাবে।


## Theme Template এডিট

এটা করা আসলেই একটু কষ্টকর আর বিরক্তিকর।


- আপনার সাইটের DashBoard-এ Login করুন।
- "Appearance" মেনুর সাব-মেনু "Themes"-এ ঢুকুন।
- যে থিমটার Theme Template এডিট করে Translation করতে হবে সেটা Activate করুন। এখানে Layer নামে একটা থিম ব্যবহার করা হয়েছে।




- "Appearance" মেনুর সাব-মেনু "Editor"-এ ঢুকুন।
- "Select theme to edit:" থেকে আপনার থিমটা সিলেক্ট করে, "Select"-এ ক্লিক করুন।



- একেবারে ডানপাশে এরকম কিছু ফাইলের নাম থাকবে।




- কিছু ফাইলের বর্ণনা দেয়া যাক,

**Header(header.php)**: এটা থিমের সবচেয়ে উপরের অংশের টেমপ্লেট

**Main Index Template(index.php)**: এটা প্রথম পেজের টেমপ্লেট

**Page Template(page.php)**: এটা পৃষ্ঠার টেমপ্লেট

**Sidebar(sidebar.php)**: এটা সাইডবারের টেমপ্লেট

**Single Post(single.php)**: এটা পোস্টের টেমপ্লেট


**404 Template(404.php)**: এটা Not Found এরর পেজের টেমপ্লেট

**Comments(comments.php)**: এটা কমেন্ট এরিয়ার টেমপ্লেট


**Archives(archive.php)**: এটা আর্কাইভ পেজের টেমপ্লেট

থিমভেদে ফাইলের নাম ও সংখ্যার পরিবর্তন হতে পারে। তবে এই ফাইলগুলো প্রায় সব থিমেই থাকে।

- এবার সবগুলো ফাইল চেক করতে হবে। অনুবাদ করা যায় এমন টার্মস খুঁজতে হবে।
- Header দিয়ে শুরু করা যাক। ডানদিক থেকে Header-এ ক্লিক করুন।
- মাঝে বক্সে কোডগুলো এসে যাবে।




- এখন এই কোডগুলো চেক করতে থাকুন। এমন কোন শব্দ খুঁজুন যেটা কোন HTML Tag-এর ভেতর নাই। এধরনের শব্দগুলো বেশিরভাগ সময় “>” ও “<” চিহ্নের মধ্যে থাকে। যেমন:




এখানে “>Blog<” লেখা আছে। এটাকে আপনি অনুবাদ করতে পারবেন। “Blog” লেখা জায়গায় আপনি “ব্লগ” লিখে দিতে পারেন। তখন “>Blog<” হবে “>ব্লগ<”।


- Header-এ সব অনুবাদযোগ্য টার্ম খুঁজে বের করে অনুবাদ করা শেষ হলে, নিচে “Update File”-এ ক্লিক করুন।
- এরপর আর একটা ফাইল ধরুন।
- এভাবে প্রত্যেকটা ফাইলে এরকম অনুবাদযোগ্য টার্ম খুঁজে বের করে অনুবাদ করতে হবে।

ব্যাপারটা ক্লান্তিকর, সন্দেহ নাই। আপনি আর একটা কাজ করতে পারেন, যেটাতে আপনার কষ্টটা একটু হলেও কম হবে।

- আপনার সাইটে যান। দেখুন কি কি ইংরেজি রয়েছে যেগুলো অনুবাদ করতে হবে। নিচে “Layer” Theme-এর ফ্রন্টপেজে অনুবাদ করা যাবে এমন শব্দগুলো চিহ্নিত করে দেখানো হলো।




- এভাবে প্রতিটা পেজে এমন শব্দগুলো খুঁজে বের করুন।
- DashBoard-এ "Appearance" মেনুর সাব-মেনু "Editor"-এ ঢুকুন।
- যেকোন একটা ফাইল সিলেক্ট করুন।
- [Ctrl]+[F] চাপুন। Browser-এর Search বক্স আসবে।
- Search বক্সে আপনার চিহ্নিত করা শব্দ লিখে সার্চ করুন। যদি খুঁজে পান, তাহলে দেখুন সেটা HTML Tag-এর ভেতর আছে কিনা। যদি না থাকে তাহলে অনুবাদ করুন।




- উপরের ছবিতে Header ফাইলে "Blog" লিখে সার্চ করা হয়েছে। ফাইলে "Blog" শব্দটি পাওয়া গেছে। এবং সেটা HTML Tag-এর ভেতর নাই। তাই সেটা পরিবর্তন করে "ব্লগ" বা আপনার যা পছন্দ লেখা যেতে পারে।
- সবগুলো পরিবর্তন করা হয়ে গেলে "Update File"-এ ক্লিক করুন।
- এরপর আর একটা ফাইল ধরুন।
- এভাবে প্রত্যেকটা ফাইলে আপনার চিহ্নিত টার্ম সার্চ করে বের করে অনুবাদ করতে হবে।

মনে রাখতে হবে, Theme Template এডিট করার সময় যদি ভুল কিছু করেন, বা HTML Tag-এর ভেতর কিছু পরিবর্তন করে ফেলেন তাহলে Theme নষ্ট(ব্রোকেন) হয়ে যেতে পারে। তাই, সাবধান।

এই হয়ে গেল Theme অনুবাদ করা। ব্যাপারটা একটু জটিল। যতটুকু পারি সহজে বুঝাতে চেষ্টা করেছি। এরপরও কোন সমস্যা থাকলে বা নিজে না পারলে কোন অভিজ্ঞ ব্যক্তির সাহায্য নিতে

---

# WordPress.org টিউটোরিয়াল (পর্ব ১২) : ট্রান্সলেশন #৩

WordPress এমন একটা ব্যবস্থা যেখানে সবকিছু আপনার প্রয়োজনমত সাজিয়ে নিতে পারেন। আজকে আমরা দেখবো কিভাবে WordPress-এ বিভিন্ন জায়গায় নিজের মতো অনুবাদ করে নেওয়া যায়। সাধারণত ৩ জায়গায় অনুবাদ করা দরকার পরে।

- DashBoard Translation
- Theme Translation
- PlugIn Translation

আমরা এ পর্যন্ত কিভাবে DashBoard ও Theme ট্রান্সলেট করতে হয় দেখেছি। এই পর্বে আমরা PlugIns ট্রান্সলেশন করা শিখবো।

## PlugIn ট্রান্সলেশন

PlugIn ট্রান্সলেশন সাধারণত ৩ ভাবে করা হয়।

- **Language ফাইল এডিট**: খুব কম সংখ্যক PlugIns Language ফাইল সাপোর্ট করে। এই Language ফাইল এডিট করে এদের ট্রান্সলেট করা হয়।
- **ট্রান্সলেশন অপশন**: অনেক PlugIns এ অনুবাদ করার জন্য অপশন থাকে। এসব PlugIns অনুবাদ করা একদম সহজ।
- **PlugIn Template এডিট**: বেশিরভাগ PlugIns এভাবে অনুবাদ করতে হয়। এটা করার জন্য PlugIns-এর Template ফাইল এডিট করা লাগে। এজন্য HTML, PHP সম্পর্কে কিছুটা ধারণা থাকলে ভালো হয়। যদি এগুলো সম্পর্কে ভালোভাবে না জানা থাকে তাহলে অভিজ্ঞ ব্যক্তিদের সাহায্য নিতে পারেন। কারণ Template এডিট করার সময় কোডিং-এ কোন ত্রুটি হলে PlugIn নষ্ট হয়ে যেতে পারে।

**প্রশ্ন:** কিভাবে বুঝবেন প্লাগইন Language ফাইল সাপোর্ট করে কিনা?
**উত্তর:** যেসব PlugIns-এর মধ্যে *.pot, *.po বা উভয় এক্সটেনশানের ফাইল থাকে সেগুলো Language ফাইল সাপোর্ট করে।

**প্রশ্ন:** কিভাবে বুঝবেন PlugIns ট্রান্সলেশন অপশন দিয়ে অনুবাদ করা যাবে কিনা?
**উত্তর:** যেসব PlugIns ইন্সটল করার পর DashBoard-এ Translate করার জন্য কোন অপশন থাকে সেগুলো এভাবে অনুবাদ করা যাবে।

**প্রশ্ন:** কিভাবে বুঝবেন প্লাগইন Template এডিট করে অনুবাদ করা লাগবে কিনা?
**উত্তর:** যেসব PlugIns-এ উপরের দুটি পদ্ধতির একটিও কার্যকর না হয় তাহলে সেটা এভাবে অনুবাদ করা লাগবে।

বুঝতে অসুবিধা হচ্ছে? নিচে উদাহরণ দেওয়া হয়েছে, সেখানেই সব পরিষ্কার হয়ে যাবে।

## Language ফাইল এডিট


যদি দেখেন আপনার PlugIn-টার ভেতর *.pot, *.po বা উভয় এক্সটেনশানের ফাইল আছে তাহলে সেটা এভাবে ট্রান্সলেট করা লাগবে। কিভাবে করবেন?

- Theme-এর Language ফাইল যেভাবে এডিট করেছিলেন এটা একইভাবে করতে হবে।
- এডিট করার পর যথারীতি *.mo ফাইল পাওয়া যাবে।
- প্লাগইনের যেখানে *.pot বা *.po ফাইল ছিল সেখানে এই *.mo ফাইলটাকেও রাখতে হবে।
- ব্যস হয়ে যাবে।


## ট্রান্সলেশন অপশন

ধরুন, কোন একটা PlugIn আপনি আপনার সাইটে ইন্সটল করলেন। এবার যদি Translation করার জন্য কোন অপশন DashBoard-এ খুঁজে পান তাহলে সেটা এভাবে অনুবাদ করা যাবে। সাধারণ এক্ষেত্রে PlugIn-এর জন্য একটা Menu বা Sub-Menu তৈরি হয়। সেখানে এই Translation অপশন পাওয়া যায়। আমরা উদাহরণ হিসেবে **WP Favorite Posts** প্লাগইনটা ব্যবহার করব।

- WP Favorite Posts প্লাগইনটা আপনার সাইটে ইন্সটল করুন।




- দেখবেন “Settings” মেনুর সাব-মেনু হিসেবে “Favorite Posts” তৈরি হয়েছে।
- সেটাতে ঢুকুন।




- দেখবেন "Label Settings" নামে একটা অপশন রয়েছে। সেখানে বামপাশে মূল ইংরেজিগুলো দেয়া আছে। আর ডান পাশে বক্সে সেই ইংরেজির জন্য কি লেখা দেখাবে তা লেখা আছে। এই বক্সে যদি আমরা বাংলাতে সেগুলো লিখি তাহলে সেগুলো বাংলায় দেখাবে। তারমানে এটা Translation অপশন।
- অনুবাদ করার বক্সে আমরা ইংরেজিগুলোর অনুবাদ করে ফেলবো।




- "Update options >>" -এ ক্লিক করুন।
- হয়ে গেলো PlugIn ট্রান্সলেশন করা।

PlugIn-ভেদে এই অপশন পরিবর্তন হবে। সবগুলাতে একরকম হবে না।

## PlugIn Template এডিট

Theme Template এডিট করার মত এটা কষ্টকর আর বিরক্তিকর। আমরা এখানে উদাহরণ হিসেবে iRedlof Ajax Login প্লাগইন ব্যবহার করব।

- PlugIn-টি ইন্সটল করুন।
- আপনার সাইটে যান। PlugIn-টি দেখুন।





- এর প্রতিটা লাইনই ট্রান্সলেট করা যাবে।
- "DashBoard"-এ যান।
- "PlugIns" মেনুর সাব-মেনু "Editor"-এ যান।




- "Select plugin to edit:" থেকে PlugIn-টি সিলেক্ট করে "Select"-এ ক্লিক করুন।




- PlugIn-এর ফাইলগুলো দেখাবে৷ আপনাকে বের করতে হবে কোন ফাইলটা এডিট করা লাগবে৷
- এজন্য প্রতিটা ফাইলে ঢুকুন৷ [Ctrl]+[F] চাপুন৷ সার্চ বক্সে প্লাগইনটার অনুবাদযোগ্য কোন একটা লাইন লিখে সার্চ করুন৷ যদি পাওয়া যায় তাহলে সেই ফাইলটাই এডিট করা লাগবে৷ যেমন: আমরা “My Account” এই লাইনটা সার্চ করব৷ দেখা যাবে, update-content.php ফাইলে সেটা খুঁজে পাওয়া গেছে৷




- এভাবে প্লাগইনের প্রতিটা শব্দ বা বাক্য খুঁজে বের করুন৷ যেমন: My Account, Global Dashboard, Edit My Profile, Comments, Log out ইত্যাদি ইত্যাদি৷
- দেখুন সেটা HTML Tag-এর ভেতর আছে কিনা৷ যদি না থাকে তাহলে অনুবাদ করুন৷
- যেমন উপরের ছবিতে My Account বাক্যটি কোন HTML ট্যাগের ভেতর নাই৷ এটা অনুবাদ করে “আমার একাউন্ট” বা আপনার পছন্দমত কোন কিছু লেখা যেতে পারে৷
- সবগুলো অনুবাদ করা হয়ে গেলে “Update File”-এ ক্লিক করুন৷

মনে রাখতে হবে, PlugIn Template এডিট করার সময় যদি ভুল কিছু করেন, বা HTML Tag-এর ভেতর কিছু পরিবর্তন করে ফেলেন তাহলে PlugIn নষ্ট(ব্রোকেন) হয়ে যেতে পারে। তাই, সাবধান।

এখানেই শেষ হলো আমাদের ওয়ার্ডপ্রেস ট্রান্সলেশনের কাজ।

# WordPress.org টিউটোরিয়াল(পর্ব ১৩):ড্যাশবোর্ড কাস্টোমাইজেশন#১

WordPress-এর DashBoard-কে সাইট তৈরির সময় পরিবর্তন করে নিতে হয়। এতে আপনার সাইটের স্বাতন্ত্র প্রকাশ পায়। DashBoard কাস্টোমাইজেশন Manually করা যায় আবার PlugIns দিয়েও করা যায়। Manually কোন জিনিস করার মজাই আলাদা, আর আমরা যেহেতু শিখছি, তাই কোন কিছু Manually করলে WordPress সম্পর্কে ধারণা আরও বাড়বে। তাই, এসব জিনিস Manually করাই ভালো। অবশ্য কারো Manually করতে ইচ্ছা না করলে PlugIns ব্যবহার করতে পারেন। এখানে দু'টিই আলোচনা করা হবে।

আসুন জেনে নেই কি কি শিখবো:

- DashBoard Menu এডিট
- DashBoard Footer এডিট
- Branding

## DashBoard Menu এডিট

WordPress-এর DashBoard-এ কতগুলো Menu থাকে। আর এ Menu-গুলোর অধীনে থাকে কিছু Sub-Menu।




আমরা ইচ্ছা করলেই এদের কোনটাকে বাদ দিতে পারি, যাতে সেগুলো দেখা না যায়।

এজন্য আমাদের WordPress-এর >wp-admin ফোল্ডারের মধ্যে "admin.php" ফাইল এডিট করা লাগবে। আসুন শুরু করি,

- আপনার হোস্টিং cPanel-এ LogIn করুন।
- File Manager (Net2FTP)-তে প্রবেশ করুন।
- আপনার WordPress-এর মেইন ফোল্ডারের মধ্যে "/wp-admin/" ফোল্ডারে প্রবেশ করুন।
- "menu.php" ফাইলের ডান পাশে "Edit"-এ ক্লিক করুন।
- কোডসমূহ দেখা যাবে। আমরা এখন কিছু বিষয় জেনে নেই।
  - WordPress-এর গ্লোবাল Menu ভ্যারিয়েবল হলো – $menu
  - WordPress-এর গ্লোবাল Sub-Menu ভ্যারিয়েবল হলো – $submenu
- যেসব কোড লাইন Menu ভ্যারিয়েবল দিয়ে শুরু হয়েছে সেগুলো Menu-এর কোড লাইন। যেমন "Dashboard" Menu-এর কোড লাইন -

```
$menu[2] = array( __('Dashboard'), 'read', 'index.php', '', 'menu-top menu-top-first menu-icon-dashboard', 'menu-dashboard', 'div' );
```

- আবার, যেসব কোড লাইন Sub-Menu ভ্যারিয়েবল দিয়ে শুরু হয়েছে সেগুলো Sub-Menu-এর কোড লাইন। যেমন "All Posts" Sub-Menu-এর কোড লাইন -

```
$submenu['edit.php'][5]  = array( __('All Posts'), 'edit_posts', 'edit.php' );
```

## Menu বা Sub-Menu Rename করা

- খেয়াল করুন, সবগুলো Menu বা Sub-Menu কোড লাইনেই array( __(‘XXX’) -এরকম কোডটা আছে। XXX লেখা যায়গায় Menu বা Sub-Menu-এর নাম থাকে।
- আপনি যে Menu বা Sub-Menu Rename করতে চান তার কোড লাইনে নামটা বদলিয়ে দিলেই হবে।
- যেমন আপনি যদি “DashBoard” Menu-এর নাম “Admin Menu” করতে চান তাহলে DashBoard Menu-এর কোড লাইনটি এরকম হবে -

$menu[2] = array( __('Admin Menu'), 'read', 'index.php', '', 'menu-top menu-top-first menu-icon-dashboard', 'menu-dashboard', 'div' );

## Menu বা Sub-Menu Hide করা

- কোন Menu বা Sub-Menu Hide করার ভ্যারিয়েবল হলো – $restricted
- আপনি যে Menu বা Sub-Menu হাইড করতে চান তার ভ্যারিয়েবলের পর একটা সেমিকোলন (;) চিহ্ন দিন। তারপর, Hide করার ভ্যারিয়েবল ($restricted) দিন।
- যেমন – আপনি যদি Media মেনু হাইড করতে চান তাহলে Media Menu-এর কোড লাইন খুঁজে বের করুন।

$menu[10] = array( __('Media'), 'upload_files', 'upload.php', '', 'menu-top menu-icon-media', 'menu-media', 'div' );

এবার এটার Menu ভ্যারিয়েবলের পাশে সেমিকোলন দিয়ে Hide করার ভ্যারিয়েবল দিন। তখন এটা দেখতে এরকম হবে:

$menu;$restricted[10] = array( __('Media'), 'upload_files', 'upload.php', '', 'menu-top menu-icon-media', 'menu-media', 'div' );

- Save করে বের হয়ে আসুন।
- একই ভাবে কোন Sub-Menu-ও Hide করতে পারবেন।
- আপনার সাইটের DashBoard দেখুন। আপনি যে যে Menu বা Sub-Menu Hide করেছিলেন সেগুলো দেখা যাচ্ছে না।

## Sub-Menu Re-Order করা

- আপনি যদি কোন Menu-এর Sub-Menu-গুলোকে Re-Order করতে চান, তবে যে Sub-Menu আগে রাখতে চান সেটার কোড লাইন আগে রাখুন।
- যেমন – “Media” Menu-এর Sub-Menu-গুলো হলো “Library” ও “Add New”। এদের কোড এরকম দেয়া থাকে :
- $submenu['upload.php'][5] = array( __('Library'), 'upload_files', 'upload.php');
- /* translators: add new file */
$submenu['upload.php'][10] = array( _x('Add New', 'file'), 'upload_files', 'media-new.php');

আপনি “Add New”-কে আগে দিতে চাইলে তার কোড লাইনটা আগে দিয়ে দিন। তখন কোডটা হবে এরকম:

```
/* translators: add new file */
$submenu['upload.php'][10] = array( _x('Add New', 'file'), 'upload_files', 'media-new.php');
$submenu['upload.php'][5] = array( __('Library'), 'upload_files', 'upload.php');
```

- হয়ে গেলো।

খেয়াল রাখবেন, এসব ফাইল এডিট করার আগে ব্যাকআপ রেখে নিতে ভুলবেন না। কারণ, এডিট করার সময় কোন ভুল হলে WordPress-এর DashBoard আর Open হবে না, এরর দেখাবে।

WordPress Version-ভেদে এ ফাইলগুলোর কাঠামোতে পরিবর্তন আসতে পারে। এখানে Version 3.2.1 -এর ফাইল দেখানো হয়েছে।

# WordPress.org টিউটোরিয়াল(পর্ব ১৪):ড্যাশবোর্ড কাস্টোমাইজেশন#২

WordPress-এর DashBoard-কে সাইট তৈরির সময় পরিবর্তন করে নিতে হয়। এতে আপনার সাইটের স্বাতন্ত্র প্রকাশ পায়। DashBoard কাস্টোমাইজেশন Manually করা যায় আবার PlugIns দিয়েও করা যায়। Manually কোন জিনিস করার মজাই আলাদা, আর আমরা যেহেতু শিখছি, তাই কোন কিছু Manually করলে WordPress সম্পর্কে ধারণা আরও বাড়বে। তাই, এসব জিনিস Manually করাই ভালো। অবশ্য কারো Manually করতে ইচ্ছা না করলে PlugIns ব্যবহার করতে পারেন। এখানে দু'টিই আলোচনা করা হবে।


আসুন জেনে নেই কি কি শিখবো:

- DashBoard Menu এডিট
- DashBoard Footer এডিট
- Branding

গত পর্বে আমরা DashBoard Menu এডিট করতে শিখেছি। এই পর্বে দেখব কিভাবে DashBoard-এর Footer এডিট করা যায়।

## DashBoard Footer এডিট

- আসুন দেখি WordPress-এ DashBoard-এর Default Footer কেমন থাকে।




- আপনার হোস্টিং cPanel-এ LogIn করুন।
- File Manager (Net2FTP)-তে প্রবেশ করুন।
- আপনার WordPress-এর মেইন ফোল্ডারের মধ্যে "/wp-admin/" ফোল্ডারে প্রবেশ করুন।
- "admin-footer.php" ফাইলের ডান পাশে "Edit"-এ ক্লিক করুন।
- কোডসমূহ দেখা যাবে।

- প্রথমে দেখি কিভাবে "Thank you for creating with WordPress. • Documentation • Freedoms • Feedback • Credits" এই অংশটুকু এডিট করা যায়।
- এই কোডটুকু খুঁজে বের করুন :

- $footer_text = array(
- '<span id="footer-thankyou">' . __( 'Thankx you for creating with <a href="http://wordpress.org/">WordPress</a>.' ) . '</span>',
- __( '<a href="http://codex.wordpress.org/">Documentation</a>' ),
- sprintf( __( '<a href="%s">Freedoms</a>' ), admin_url( 'freedoms.php' ) ),
- __('<a href="http://wordpress.org/support/forum/4">Feedback</a>'),
- sprintf(__('<a href="%s">Credits</a>'), admin_url('credits.php') ),
- );
- প্রথমেই Freedom ও Credits -এই দুটিকে বাদ দিন। এজন্য এই দু'টি লাইন মুছে ফেলুন :

```
sprintf( __( '<a href="%s">Freedoms</a>' ), admin_url( 'freedoms.php' ) ),
sprintf(__('<a href="%s">Credits</a>'), admin_url('credits.php') ),
```

- এবার ঠিক করা যাক Footer-এ কি লেখা হবে। ধরুন, আমরা এটা লিখবো : আমাদের সাথে থাকার জন্য ধন্যবাদ, টিউনারপেজ টিউটোরিয়াল(লিঙ্কসহ) • মূল সাইট টিউনারপেজ(লিঙ্কসহ) •ওয়ার্ডপ্রেস টিউটোরিয়াল(লিঙ্কসহ)
- এবার দরকার HTML কোডিং। যারা জানেন তারা সহজেই এডিট করে নিতে পারবেন। আর যারা জানেন না একটু খেয়াল করলেই দেখবেন সোজা লাগছে।
- আমাদের কোডটা এরকম হবে :
- $footer_text = array(
- '<span id="footer-thankyou">' . __( ' আমাদের সাথে থাকার জন্য ধন্যবাদ, <a href="http://tp-tutorial.co.cc/"> টিউনারপেজ টিউটোরিয়াল</a>.' ) . '</span>',
- __( ' মূল সাইট <a href="http://tunerpage.com/">টিউনারপেজ</a>' ),
- __('<a href="http://tunerpage.com/wordpress-blog-tutorial/"> ওয়ার্ডপ্রেস টিউটোরিয়াল </a>'),
);

- এখানে প্রয়োজনমত পরিবর্তন করে নিন।
- Save করুন।

- এবার দেখা যাক আপনি যদি ডানপাশে WordPress Version না রাখতে চান তাহলে কি করবেন।
- এই লাইনটা খুঁজে বের করুন :

```
<p id="footer-upgrade"><?php echo $upgrade; ?></p>
```

- এটা মুছে দিন।
- Save করুন।

- বের হয়ে আসুন।

খেয়াল রাখবেন, এসব ফাইল এডিট করার আগে ব্যাকআপ রেখে নিতে ভুলবেন না। কারণ, এডিট করার সময় কোন ভুল হলে WordPress-এর DashBoard আর Open হবে না, এরর দেখাবে।

WordPress Version-ভেদে এ ফাইলগুলোর কাঠামোতে পরিবর্তন আসতে পারে। এখানে Version 3.2.1 -এর ফাইল দেখানো হয়েছে।

---

# WordPress.org টিউটোরিয়াল(পর্ব ১৫):ড্যাশবোর্ড কাস্টোমাইজেশন#৩

WordPress-এর DashBoard-কে সাইট তৈরির সময় পরিবর্তন করে নিতে হয়। এতে আপনার সাইটের স্বাতন্ত্র প্রকাশ পায়। DashBoard কাস্টোমাইজেশন Manually করা যায় আবার PlugIns দিয়েও করা যায়। Manually কোন জিনিস করার মজাই আলাদা, আর আমরা যেহেতু শিখছি, তাই কোন কিছু Manually করলে WordPress সম্পর্কে ধারণা আরও বাড়বে। তাই, এসব জিনিস Manually করাই ভালো। অবশ্য কারো Manually করতে ইচ্ছা না করলে PlugIns ব্যবহার করতে পারেন। এখানে দু'টিই আলোচনা করা হবে।

আসুন জেনে নেই কি কি শিখবো:

- DashBoard Menu এডিট
- DashBoard Footer এডিট
- Branding করা

গত পর্বগুলোতে আমরা DashBoard Menu এডিট ও DashBoard Footer এডিট করতে শিখেছি। এই পর্বে দেখব কিভাবে Branding করা যায়।

## Branding কি?

Branding বলতে বুঝায় সাইটে নিজেদের স্বাতন্ত্র তুলে ধরা। মূলত সাইটে নিজেদের Logo ব্যবহার করাকে Branding করা বলা হয়।

## Branding (Logo পরিবর্তন)

- WordPress DashBoard-এ WordPress-এর ৬টা Logo ও Icon ব্যবহার করা হয়ে থাকে।
- আমাদের এগুলাকে নিজের Logo ও Icon দিয়ে RePlace করতে হবে।
- এজন্য আমাদের ৬ টি Image ফাইল তৈরি করতে হবে।
- এগুলো হলো:
-
    - Logo.gif রেজুলেশন: 65×66
    - logo-ghost.png রেজুলেশন: 25×25
    - logo-login.png রেজুলেশন: 274×63
    - wordpress-logo.png রেজুলেশন: 250×68
    - wp-logo.png রেজুলেশন: 16×16
    - wp-logo-vs.png রেজুলেশন: 16×16
    -
    -
-
-
- এসব ইমেজগুলার রেজুলেশন উল্লিখিত পরিমাণ রাখা ভাল। কারণ WordPress-এর Default Image-গুলো এই রেজুলেশনের দেয়া থাকে। আপনার তৈরি ইমেজের রেজুলেশন যদি বেশি বড় হয় তাহলে সম্পূর্ণ দেখা নাও যেতে পারে।
- আর হ্যাঁ, ইমেজগুলো অবশ্যই Transparent হতে হবে।
- ইমেজগুলো তৈরি করতে Adobe Photoshop ব্যবহার করতে পারেন।
- ইমেজ তৈরি শেষ হলে আপনার হোস্টিং সার্ভারে WordPress-এর মূল Directory-এর মধ্যে "/wp-admin/images/" ফোল্ডারে Upload করে দিন।
- ব্যাস হয়ে গেলো।
- এখন আপনার DashBoard বা Login পেজে গিয়ে দেখুন আপনার Image-গুলো দেখাচ্ছে।

# WordPress.org টিউটোরিয়াল(পর্ব ১৬):ড্যাশবোর্ড কাস্টোমাইজেশন#৪

WordPress-এর DashBoard-কে সাইট তৈরির সময় পরিবর্তন করে নিতে হয়। এতে আপনার সাইটের স্বাতন্ত্র প্রকাশ পায়। DashBoard কাস্টোমাইজেশন Manually করা যায় আবার PlugIns দিয়েও করা যায়। Manually কোন জিনিস করার মজাই আলাদা, আর আমরা যেহেতু শিখছি, তাই কোন কিছু Manually করলে WordPress সম্পর্কে ধারণা আরও বাড়বে। তাই, এসব জিনিস Manually করাই ভালো। অবশ্য কারো Manually করতে ইচ্ছা না করলে PlugIns ব্যবহার করতে পারেন। এখানে দু'টিই আলোচনা করা হবে।


আসুন জেনে নেই কি কি শিখবো:

- DashBoard Menu এডিট
- DashBoard Footer এডিট
- Branding করব

আমরা গত পর্বগুলোতে এসব জিনিস Manually করা শিখেছিলাম। এই পর্বে দেখবো কিভাবে PlugIn দিয়ে করা যায়।

আমাদের যেই PlugIn-টা দরকার হবে তা হলো "**White Label CMS**"।

- "**White Label CMS**" PlugIn-টা আপনার WordPress সাইটে Install করে Activate করুন।
- দেখবেন "Settings" Menu-এর Sub-Menu হিসেবে "White Label CMS"-এর একটি Sub-Menu তৈরি হয়েছে।
- "White Label CMS" Sub-Menu-তে প্রবেশ করুন।




- তিনটি অপশন দেখবেন – BRANDING, DASHBOARD PANELS আর MODIFY MENUS।

**BRANDING**

- BRANDING অপশনে ক্লিক করুন।
- অনেকগুলো অনশন দেখবেন। নিচে এদের বর্ণনা ও কাজ দেয়া হলো।
    - **Classic Header/Footer Height**: এখানে yes সিলেক্ট করলে Header/Footer এর উচ্চতা 46 পিক্সেল হবে।
    - **Custom Header Logo**: (যা লেখা আছে থাকুক), এটাকে সক্রিয় করতে হলে আপনার বর্তমান Theme-এর "/images/" ফোল্ডারে "custom-logo.gif" নামে একটা Image(রেজুলেশন 32×32 হলে ভালো হয়) Upload করতে হবে। এটা Header Logo হিসেবে ব্যবহৃত হবে।
    - **Custom Header Logo Width**: Custom Header Logo কতটুকু চওড়া হবে তার পরিমাণ।
    - **Header Logo As Site Link**: এটাতে yes সিলেক্ট করলে Header Logo সাইটের Link হিসেবে কাজ করবে।
    - **Custom Footer Logo**: Custom Header Logo-এর মত একই। শুধু এটা Footer Logo হিসেবে ব্যবহৃত হবে।
    - **Custom Footer Logo Width**: Custom Footer Logo কতটুকু চওড়া হবে তার পরিমাণ।
    - **Developer Website URL**: আপনি একটা WebSite-এর Link দিতে পারবেন যেটা DashBoard Footer-এ দেখাবে।
    - **Developer Website Name**: এখানে WebSite-এর নাম দিতে পারবেন যেটা DashBoard Footer-এ দেখাবে। (অন্য কোন HTML কোডও ব্যবহার করতে পারেন। যেমন- Thanks for Your Support <a

herf=”http://xxx.xxx>Link Text</a> । HTML কোড ব্যবহার করলে Developer Website URL ঘর ফাঁকা রাখুন।)

  - **Custom Login Logo**: (যা লেখা আছে থাকুক), এটাকে সক্রিয় করতে হলে আপনার বর্তমান Theme-এর “/images/” ফোল্ডারে “custom_login_logo.gif” নামে একটা Image(রেজুলেশন 300×80 হলে ভালো হয়) Upload করতে হবে। এটা Login Logo হিসেবে ব্যবহৃত হবে।
  - **Lost Your Password CSS**: text-shadow:none; color: #333 – এই ফরমেটে কোন CSS কোড যোগ করতে পারেন।

- সবকিছু ঠিক করার পর “Save changes”-এ ক্লিক করুন।

## DASHBOARD PANELS

- DASHBOARD PANELS অপশনে ক্লিক করুন।
- অনেকগুলো অনশন দেখবেন। নিচে এদের বর্ণনা ও কাজ দেয়া হলো।
  - **Hide ‘Right Now’**: এখানে yes সিলেক্ট করলে DashBoard Menu থেকে “Right Now” উইজেটটি চলে যাবে।
  - **Hide Browser Update Panel**: এখানে yes সিলেক্ট করলে Browser Update উইজেট চলে যাবে।
  - **Hide Other Dashboard Panels**: এখানে yes সিলেক্ট করলে DashBoard Menu থেকে “Right Now” বাদে বাকি সব উইজেট চলে যাবে।
  - **Show Dashboard To Admin**: এখানে yes সিলেক্ট করলে DashBoard প্যানেল শুধু Admin দেখতে পারবে।
  - **Hide Nag Update**: এখানে yes সিলেক্ট করলে Nag Update হাউড হয়ে থাকবে।
  - **Add You Own Welcome Panel?**: এখান থেকে আপনি নতুন একটা Welcome Panel তৈরি করতে পারবেন যেটা DashBoard Menu-রে শো করবে। এখানে yes সিলেক্ট করলে **“Title”** ও **“Desctiption”** নামে দু’টি অপশন আসবে। “Title” এ Welcome Panel-এর নাম ও “Desctiption”-এ কি দেখাতে চান তা লিখুন।
- সবকিছু ঠিক করার পর “Save changes”-এ ক্লিক করুন।

## MODIFY MENUS

- MODIFY MENUS অপশনে ক্লিক করুন।
- এখানে Menu গুলো শো করবে নাকি হাইড করা থাকবে তা সিলেক্ট করা যাবে।
- এখানের সেটিংস Admin-এর উপর কোন প্রভাব ফেলবে না। Admin ছাড়া বাকি সব User এর জন্য এসব সেটিংস কার্যকর হবে।
- সবকিছু ঠিক করার পর “Save changes”-এ ক্লিক করুন।

যদি আবার Default অবস্থায় ফিরে যেতে চান তাহলে “Click here to reset the plugin:” থেকে “Reset”-এ ক্লিক করতে হবে।

এইতো হয়ে গেলো সব।

ধন্যবাদ সবাইকে

~~~~~~~~~~সমাপ্ত~~~~~~~~

টিউনারপেজ
~~~~~~~~~~